# পাত্রসায়ের মহাবিদ্যালয় পত্রিকা






# অনির্বাণ

শিক্ষাবর্ষ : ২০২১-২০২২

পাত্রসায়ের, বাঁকুড়া, পিন - ৭২২২০৬

# পাত্রসায়ের মহাবিদ্যালয় পত্রিকা

# অনির্বাণ

শিক্ষাবর্ষ : ২০২১-২০২২



পরিচালনায়ঃ

মহাবিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী,

অধ্যাপক-অধ্যাপিকা এবং শিক্ষা-সহায়ক কর্মী

# অনির্বাণ

প্রকাশক : ড. সন্তোষ কোনার
অধ্যক্ষ, পাত্রসায়ের মহাবিদ্যালয়
পাত্রসায়ের, বাঁকুড়া
পিন – ৭২২২০৬

প্রকাশকাল : ১৫ আগষ্ট, ২০২১

*Our sincere condolences for*

*every noble soul*

*whom we have lost in this*

*Covid-19 pandemic.*

*We will always have*

*our sympathies and love*
*for all of them.*

*May they find peace*

*in God's abode.*






As Principal of Patrasayer Mahavidyalaya it is with immense pride I announce that the students and the students' union of Patrasayer Mahavidyalaya have taken the initiative to bring out our institutional magazine ***Anirban*** online this year. We are passing through a pressing time of pandemic where the educational institutions are closed for more than one and half years. Virtual/online classes have replaced physical classroom teaching. There is no physical contact between the teacher and the students. In every sphere online mode has replaced physical mode. Keeping with this trend, the print version of the magazine has given way to the online version. This is perfectly natural in the current situation of Covid-19 pandemic.

Covid-19 pandemic is of unprecedented global public health concern affecting all countries of the world. Most of the countries have passed through two waves of the pandemic and the third wave is also expected to occur in some countries. To combat the pandemic, several steps have been taken by the Government of India. These steps include periodic lockdowns, restrictions on movement of trains and buses, restrictions on economic activities, closing of educational institutions, cinema halls, theatres, gyms, swimming pools and arrangements for vaccination of the adults of country etc.

The pandemic has impacted almost all sectors of the nation—economic, social, health, education and many others. A country like India which boasts of diversity and thrives in nurturing social connections, the self-isolation since the year 2020 has been extremely difficult. Along with other health conditions, mental health has become a predominant issue as well. Increase in chronic stress, anxiety and depression has been reported as a consequence of the pandemic. The students of schools and colleges are missing out on the best days of their life. They are deprived of the delights of campus life and are depressed as a result of staying indoors for a long period of time.In such a scenario, the decision to bring out college magazine ***Anirban*** virtually, taken unanimously by both the students and staff of the institution, was most welcome. The publication of the online magazine provides an opportunity for the students to get rid of their seclusion by participating in the campus life through contribution to the magazine.

On this occasion I thank the members of the Chhatra Sansad of Patrasayer Mahavidyalaya for taking the initiative for an online journal. I am proud of both the students and the staff of this institution who have freely contributed to this magazine even during this difficult time. I express my gratitude to the teacher-in-charge of the magazine as well as other teachers of the college for their cooperation in this venture. Members of the Governing Body of the college also deserve thanks for their active interest in the affairs of the college. I convey my Best Wishes to you all and pray for your good health. Stay safe and Take care.

**Dr. Santosh Koner**
Principal
Patrasayer Mahavidyalaya

# editorial

Situated amidst a quiet vibe of lush green fields, Patrasayer Mahavidyalaya is a home away from home for many of us. As an abode of learning, our college has always been very warm and supportive to its students. They are encouraged to step outside their classrooms in order to learn something more than the prescribed syllabus. Under the guidance of our Principal, Dr. Santosh Koner therefore we collectively bring out our yearly magazine ***Anirban*** with immense joy and pride. Our magazine allows our students, teachers and the non-teaching members of the college to showcase their respective work and in the process we all learn to celebrate the spirit of art, aesthetics and literature. It's the first time that we are launching it online but by no means has it reduced our efforts, dedication and love for it. This year we have been very brave as we battled against the pandemic and are still at war combating the deadly virus. It has been months now that we have not heard our students laughing across the corridors and it genuinely hurts all of us. We realise that this time will pass and very soon we will all be together again. This magazine has been charted out this time to remind all of our students that no matter what, we are always there for them. To our graduating batch, we want to bid a hearty goodbye as they are about to embark on their larger journey of life and we only wish them happiness and success. For the current ones, we have our good wishes.

As the newest addition to the faculty room of the college, from the very first day itself, I was made to feel more than welcome by everyone and this year when I was given the honour of donning the Editor's hat, I could not be happier. This work has been one of love and labour and therefore I shall be grateful to all if more than its merit, the greater spirit that it embodies be considered. After all, one must remember, we are not islands just as long as we hold each other's hands.

**Dr. Ritushree Sengupta**
Assistant Professor
Department of English
Patrasayer Mahavidyalaya

# শুভেচ্ছা বার্তা

প্রকাশিত হতে চলেছে এই আন্তজালিক 'অনির্বাণ' পত্রিকা। অতিমারী করোনার আবহে জীবন যখন থমকে গেছে, তখন জীবন তার নতুন পথ খুঁজে নিয়েছে নানারূপে, সাজিয়ে নিয়েছে নানা উপকরণে, তারই এক ঝলক হল এই আন্তজালিক 'অনির্বাণ' পত্রিকা। এই পত্রিকাকে আমার পক্ষ থেকে জানাই শুভেচ্ছা। শুভেচ্ছা জানাই আমার উদ্যোক্তাদের, শুভেচ্ছা জানাই যারা এই পত্রিকায় লেখা দিয়েছে। জীবনের রং নতুন ভাবে দেখার এই প্রয়াস সত্যি সাধুবাদ যোগ্য।

**সেখ ঈদ মহাম্মদ**
শিক্ষক, বাংলা বিভাগ



# সূচীপত্র


**Ten Ways the World has changed in the Last Decade** / Aparajita Mukherjee ...... ১

**ডিপার্টমেন্ট অব ইংলিশ** / মৈত্রেয়ী চৌধুরী ........ ৫

**ভারতবর্ষ** / সুস্মিতা আদক ........ ৬

**আয়ুর্বেদে মশা ও ম্যালেরিয়া** / শঙ্কর বর্মণ ........ ৭

**জন্মভূমি** / অভিজিৎ বাউরী ........ ৯

**ক্ষুদ্রকণা** / সুমনা ধাড়া ........ ১০

**ভবিষ্যৎ** / অভিজিৎ রায় ........ ১১

**রোগগ্রস্ত পৃথিবী (কোভিড-১৯)** / মিলন ঘোষ ........ ১২

**'অহিংসা' – জৈন দর্শনসম্মত নীতিতত্ত্ব** / ঐশী ভট্টাচার্য্য ........ ১৩

**পাত্রসায়ের মহাবিদ্যালয়** / সৈকত পাল ........ ১৫

**লকডাউন** / সন্ধ্যা সোম ........ ১৬

**Perspectives on Scientific Knowledge in Ancient India** / Dr. Priya Jyoti Samanta ...... ১৭

**বিষন্নতা** / অভিজিৎ মুখার্জী ........ ২১

**মূল্যবোধ** / দীপক কুমার ঘোষ ........ ২২

**স্বাধীন ভারতবর্ষ** / তিস্তা ঘোষ ........ ২৩

**যুগান্তরে** / অঙ্কন ব্যানার্জী ........ ২৫

**তবুও কবি** / সুরজিৎ সাল ........ ২৬

**তথ্যের আলোকে ফিরে দেখা করোনা ভাইরাস ও কোয়ারেন্টাইনের ইতিহাস** / সেখ মহম্মদ হাসান .. ২৭

**সস্তা মৃত্যু** / মৌপর্ণা ভট্টাচার্য্য ........ ৩১

**মাটি** / সন্দীপ মালিক ........ ৩২

**ভাবিয়া করিও কাজ** / অচিন্ত্য কুন্ডু ........ ৩৩

**আমরা নারী, আমরা পারি** / তৃণা গুপ্ত ........ ৩৬

**Epiphany** / Prabhat Ghoshal... ........ ৩৯

**আত্মপ্রকাশ** / দীপঙ্কর ধাড়া ........ ৪০

**Relevance of Indian Philosophy in the Present context** / Ziaur Rahman ........ ৪১

**A poem for all fathers and mothers** / Kakoli Singha ........ ৪৫

**LOVE /** Kakoli Singha ........ ৪৬

**The Beauty of Nature** / Rahul Karmakar ........ ৪৭

**বৃষ্টি পড়ে** / অমৃত সরকার ........ ৪৮

**পাত্রসায়ের কলেজ** / জয়দেব মুর্মু ........ ৪৯

**নারী** / শতাব্দী পান ........ ৫০

**ফিরে দেখা** / শান্তিময় ঘোষ ........ ৫১

**Dreams on the way** / Tanusree Ghosh ........ ৫৩

**Time of Life /** Rajat Manik ........ ৫৪

**LOCKDOWN** / Prajnaparamita Das ........ ৫৫

**INTERVIEW** ........ ৫৭

**সুখসন্ধানে মনঃ /** ড. বিষ্ণুপ্রসাদ দাস ........ ৬০

**চিত্রকলা** ........ ৬৪

**GALLERY** ........ ৬৭

# Ten Ways the World has changed in the Last Decade

Aparajita Mukherjee
Assistant Professor and Head
Department of English

Greek philosopher Heraclitus had proclaimed "Change is the only constant in life." Heraclitus might or might not have grasped the enormity of his declaration but it has almost taken the shape of a gospel truth in the last two decades or so. It is one such truth that permeates our life, transforms us in subtle ways, and, becomes noticeable only when it is too late. By a general consensus, change is met with resistance, especially when it pushes us out of our comfort zone. But when it inevitably occurs, we accept it, adapt to it, and, even admire it at times.

Change is a continuous process. Our world changes and shifts every second in subtle ways. The last two decades, however, have seen some radical transformations that ushered the world into a new era. From climate change to booming technologies, from socio-political upheaval to cultural acceptance, from economic development to musical tastes, almost no sphere has remained unchanged. In the following essay, I have attempted to pinpoint the ten most obvious changes that have transformed the world, for better or worse, in the last decade:

1. Smart phones: The very nature of technology is to grow and evolve. It is ever-changing, progressive, and always striving to be better than the last. One such development has been the invention of the Smartphone in the early 1990s by tech giant IBM. Ever since it has only become lighter, cheaper and smarter over the years. In the last decade the smart gadget has evolved from being a means of communication to being a device that now manages our shopping, transportation, grocery delivery, banking, entertainment and many more as well.There is no doubt that the ever-developing arena of smart phones and devices occupy a very large slice of our lives and is gradually becoming indispensable.
2. Apps: One must talk about "apps" while talking of smart phones. Over the years applications or apps, have taken over the job of fulfilling possibly all our online needs. Almost every service can be availed by

clicking a few buttons on our smart devices. Careers are built nowadays on app designing and providing both common and unique services to people. It has been in the development ever since the invention of smart devices but the whole virtual market seems to have boomed in the last few years. Nearly every minute multiple new apps are launched around customer service and satisfaction.

3. Streaming services: Another service associated with smart devices and appsis the Streaming service. Be it movies, music, or television shows, streaming services, like Netflix, Amazon Prime, Hotstar, have become quite the rage in recent years. Video streaming services, also known as OTT (Over the Top), provide television and film content over the internet. They are built around customer requirement and are available at request. Almost every country has their indigenous OTT platforms as well as those available worldwide. Over the years and especially after the outbreak of the Corona virus, the traditional way of watching movies has given way to such streaming services. The same is true when it comes to television shows or listening to music. In fact, survey shows that album sale of music artists has been steadily going down as music streaming apps rise in demand and popularity.

4. Smart Homes: Along with our phones our homes got smarter as well in the last decade. The launch of the Amazon Echo in 2014 revolutionized the idea of voice-activated smart speakers at homes that can answer questions, stream music and control almost everything in our house from the lights to our TV. Since then a flurry of such devices like Google Home, Apple Home Pod, the Galaxy Home have flooded the market and arrived in our homes. They are a form of AI (Artificial Intelligence) and are believed to make life easier.

5. On demand transport service: The way we commute everyday has also seen a drastic change in recent years. Ride-sharing apps like Ola and Uber in India have turned out to be quite essential in the hour of need. Though this facility of transport service on demand is still largely a metropolitan feature, it is, gradually, branching out to small towns as well. In spite of these rides being more expensive and exclusive than local or public transport, their popularity and demand are on the rise. It is mostly because these rides are easy to order and are available at odd hours. Such services have also opened doors for many employment opportunities.

6. LGBTQ+ community: In the last ten years the world has evolved to be

more open and accepting of the LGBTQ+ community. India, one among many nations, moved to repeal the archaic laws that discriminated against homosexual and transgender identities. Though Article 15 of the Indian Constitution specifically prohibits discrimination against any citizen on grounds of religion, race, caste, sex or place of birth, a more distinct approach was necessary. It is one of the most fundamental ways the world in general and India in particular have developed in the last decade. That said, a long way is still to be traversed before a complete acceptance is achieved across the world.

7. Environmental Awareness: Environmental concerns are on the rise for years now owing to excessive urbanisation, deforestation, pollution, global warming, diminishing natural resources, loss of biodiversity, scarcity of water to name only a few. These concerns are not limited to a specific nation but are challenges faced by the whole world. In recent years, climate change has become a growing concern, and called for awareness especially in young adults, after Swedish activist Greta Thunberg drew the world's attention to climate change mitigation. This eco-concern has called for several measures like ban or restriction on the use of plastic products, replacement of plastic straws and grocery store bags with bio-degradable materials, establishment of plastic-free and green campuses, increasing use of solar panels, rain water harvesting and many others.

8. Wellbeing and Self-care: Awareness towards mental health and overall wellbeing has rapidly become essential in today's fast paced world. With new developments every day, there is an extreme pressure to keep up which often times leads to anxiety and depression. In such a scenario, our own wellbeing and self-care takes precedence. Yoga, meditation, proper diet, therapy, counselling have shown to change lives and getting in touch with one's own self has become an important part of self-improvement.

9. Social Media: Another glaring change that has taken over the world in the last decade is the near-obsession with Social media. It has changed the way we eat, travel, or even, simply live. From presenting a persona to being a part of the latest trend, social media simply rules our lives. Facebook, Instagram, Twitter are our links to the world. Meetings are conducted over Meet, Teams or Zoom apps. Unique places, uncommon dishes, and rare experiences create the biggest hype and it is the young who seem to be the most vulnerable.

10. Covid-19: The most catastrophic development to change the world, almost overnight, is the outbreak of the Novel Corona virus as we ended the decade. With the spread of the pandemic, the world went under lockdown *en masse.* Health care system failed in developed countries like Italy, and USA; scores of people died worldwide; millions lost their livelihood; the stockmarket crashed; and life, as we knew it, ended. Wearing masks, avoiding crowd, and working from home became the new normal. Shopping malls, movie theatres, restaurants, salons, gyms, swimming pools all closed down and we gained a new outlook towards life.

There is no doubt that our approach towards life today has changed. The ways in which we interact with others have altered. Messaging services like WhatsApp or Telegram now keep us connected. Vlogs and Memes make one 'viral'.

The internet reigns supreme in today's world and the AI (Artificial Intelligence) is its new medium. In addition, the pandemic has changed our life in unforeseeable ways. To conclude, change is inevitable but from every turn we learn and we grow.



# ডিপার্টমেন্ট অব ইংলিশ

মৈত্রেয়ী চৌধুরী
ইংরেজি বিভাগ (তৃতীয় বর্ষ)

স্কুলের এর গণ্ডি পেরিয়ে কলেজ জীবন শুরু।
অনেকখানি উৎসাহ
আর একটু বুক  দুরু দুরু।
আমাদের সবার প্রিয়  ইংরেজি বিভাগ।
স্যার ম্যাম আর বন্ধু মিলে একটা পরিবার।।
অনেকখানি পথ চলা তার সাথে অহর্নিশ
তিনি আর আর কেউ নন, আমাদের অপরাজিতা মিস।
ভেবে আমাদের সবার কথা, যিনি করেন সহ্য আমাদের অত্যাচার
তিনি আমাদের সবার প্রিয়, রাহুল স্যার।
গল্প করে পড়া বোঝান, আর ভীষণই ফ্র্যাঙ্ক,
তিনি আর কেউ নন আমাদের ঋতুশ্রী ম্যাম.
আমাদের সিলেবাসে অনেক  সাহায্য করেছেন যারা,
পড়া আমাদের সহজ হত না অরূপ স্যার আর কৌশিক স্যার ছাড়া.
হঠাৎ কেমন সময়ের সাথে তিনটে বছর পার করা,
কলেজ জীবন শেষ হল বলে এবার স্মৃতিরোমন্থনের পালা।।
এইতো যেন সেদিন, সেদিনেরই কথা মনে হয়,
নতুন কলেজ, নতুন বন্ধু আর স্যার ম্যামদের ভালোবাসা রয়ে যাবে অক্ষয়।।



# ভারতবর্ষ

সুস্মিতা আদক
দর্শন বিভাগ (প্রথম বর্ষ)

আমাদের দেশের নাম ভারতবর্ষ
দেশ নিয়ে ঘটে গেছে যা, তাকি আর ভোলার দৃশ্য?
স্বাধীনতার পূর্বে এসেছে অনেক ইংরেজ,
ঘৃণার চোখে দেখেছে ভারতীয়দের।
অপমান, লাঞ্ছনা সইতে হয়েছে এদেশের মানুষদের,
শুধু কি অপমান, লাঞ্ছনা? এতেও থেমে থাকেনি ইংরেজরা।
অত্যাচারের শিকার হয়েছিল ভারতবর্ষের মানুষেরা
যখন সব অত্যাচারের সীমা হল পার,
ভারতবর্ষের মাটিতে বিপ্লবীদের জন্ম হল আবার।
নতুন করে স্বপ্ন দেখলো ভারতবর্ষের মানুষেরা--
মাস্টারদা সূর্যসেন, সিধু-কানু – এদের আগমনে সত্যি হল সেই স্বপ্ন দেখা।
ভারতবর্ষকে স্বাধীন করতে তারা দিয়েছে অনেক রক্ত ঢেলে,
এই দেশের বুকে অর্থাৎ ভারতবর্ষের মাটিতে।
তাই আমি সেই বিপ্লবীদের সম্মান করি,
যাদের জন্য আমরা বলতে পারি, আমরা স্বাধীন ভারতবাসী।
ইতিহাসের পাতায় তাদের লেখা আছে নাম,
আজও তাই সবাই করে তাদের জয়গান।
সবার শেষে বলবো আমি--
আমার এই দেশের মাটি আমি তারে বড় ভালোবাসি।।



# আয়ুর্বেদে মশা ও ম্যালেরিয়া

**শঙ্কর বর্মণ**
সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ

আমাদের দেশে 'মশা' ও 'ম্যালেরিয়া' এই শব্দ দুটি আপাত দৃষ্টিতে একে অপরের পরিপূরক বলে মনে হলেও, বাস্তবে কিন্তু তা নয়। তাহলে প্রশ্ন হল কেন উক্ত শব্দ দুটি একে অপরের পরিপূরক নয়। হিন্দু বিজ্ঞান মতে যদি আমরা 'বিষ' এর উৎপত্তির কারণ কি সে সম্পর্কে সঠিক ভাবে জানতে পারি তাহলেই বুঝতে পারবো যে 'মশা' ও 'ম্যালেরিয়া' শব্দ দুটি একে অপরের পরিপূরক নয়। সুতরাং এবার সে বিষয়ে প্রবেশ করার চেষ্টা করছি। মহর্ষি চরকের মতে 'বিষ' হল একটি জলজাত পদার্থ। বর্ষাকালে বিভিন্ন পচনশীল পদার্থ থেকে 'বিষ' এর উৎপত্তি হয়। সেই 'বিষ' থেকেই একদিকে যেমন 'ম্যালেরিয়া' রোগের জন্ম হয়, ঠিক তেমনই আবার ঐ 'বিষ' থেকেই 'মশা'রও জন্ম হয়। তবে এখানে একটি কথা বলে নেওয়াই ভালো যে এই পচনশীল পদার্থ থেকে যে 'বিষ' এর উৎপত্তি হয় তা কিন্তু সর্পের উৎপত্তির কারণ নয়। এখানে একটি প্রথম শ্রেণীর পচনশীল পদার্থের উদাহরণ দিয়ে ব্যাপারটিকে সহজ ভাবে তুলে ধরার চেষ্টা করছি। এরকম একটি প্রথম শ্রেণীর পচনশীল পদার্থ হল পাট। তাহলে এখানে প্রশ্ন আসতে পারে কেন পাট প্রথম শ্রেণীর পচনশীল পদার্থ? এর কারণ আমাদের দেশে পাট চাষের প্রচলন হওয়ার আগে 'ম্যালেরিয়া' রোগ কি সে সম্পর্কে আমজনতার কোন সঠিক ধারণা ছিল না। আর যদি কারও 'ম্যালেরিয়া' রোগ দেখা দিত সেই ব্যক্তিকে অনুবিক্ষণ যন্ত্র দিয়ে খুঁজে বের করার সমতুল্য ছিল। সুতরাং এখান থেকে একটি বিষয় পরিষ্কার যে যখন থেকে আমাদের দেশে পাটের চাষ শুরু হয়েছিল তখন থেকেই 'ম্যালেরিয়া' রোগের প্রকোপ বৃদ্ধি পেয়েছিল সে বিষয়ে কোন সন্দেহ নেই। সে জন্য পাটকে প্রথম শ্রেণীর পচনশীল পদার্থ হিসেবে ধরা হয়েছেন। এই পাটজাত পদার্থকে জলাশয়ে পচানোর সময় জলাশয়ের জলকে দূষিত করে তোলে। আবার সেই জলে অনেকে স্নান করেন, তবে যদি সেই দূষিত জলে কেউ স্নান নাও করে থাকেন, তাহলেও সেই জল বাষ্পীভূত হয়ে বায়ুমন্ডলকে দূষিত করে। এভাবে

সেই পাট পাচানো দুষিত জল বায়ুমন্ডলের মধ্যে অবস্থিত অসংখ্য সূক্ষ্ম সূক্ষ্ম কীটাণুর মাধ্যমে বিভিন্ন জায়গায় 'ম্যালেরিয়া' রোগের বীজ বপন করে। তাহলে এখান থেকে একটি বিষয় পরিষ্কার 'মশা' নিজেই কখনও 'ম্যালেরিয়া' রোগ নয়, এটি একটি বাহক মাত্র। কারণ 'মশা' কামড় দিলেই যে 'ম্যালেরিয়া' হবে এমন কোন নিশ্চয়তা নেই, হ্যাঁ তবে যদি কোন 'ম্যালেরিয়া' আক্রান্ত ব্যক্তির শরীরে 'মশা' কামড় দেওয়ার পর সেই 'মশা' অন্যের শরীরে বিষ ঢেলে দেয় তাহলে অন্য ব্যক্তির শরীরেও 'ম্যালেরিয়া' রোগ দেখা দেবে নচেৎ তা কোন ভাবেই সম্ভব নয়। অর্থাৎ 'ম্যালেরিয়া' রোগের উৎপত্তির কারণ সম্পর্কে হিন্দু বিজ্ঞান মতে আয়ুর্বেদের মতামত কোন ভাবেই উপেক্ষার নয়। তাহলে এই আয়ুর্বেদ শাস্ত্র মতে 'ম্যালেরিয়া' রোগের নিস্পত্তির জন্য শুধুমাত্র 'মশা'র বংশের উচ্ছেদ না করে যদি 'ম্যালেরিয়া'র উৎপত্তির সঠিক কারণ সম্পর্কে সরকারের তরফ থেকে আমজনতার মধ্যে সচেতনাবোধ বৃদ্ধি করা যায় তবেই আমাদের দেশে এই ম্যালেরিয়া রোগ পুরোপুরি নির্মূল না হলেও তার প্রকপ যে অনেকটাই কমবে সে সম্পর্কে কোন সন্দেহ নেই।



---

**সূত্র:** শ্রী পঞ্চানন সরকার (সম্পা) - ''রঙ্গপুর সাহিত্য পরিষৎ পত্রিকা', পঞ্চম ভাগ, দ্বিতীয় সংখ্যা, রঙ্গপুর সাহিত্য পরিষৎ কার্যালয়, রঙ্গপুর, ১৩১৭ বঙ্গাব্দ, পৃ. ৭৪-৮১।

# জন্মভূমি


অভিজিৎ বাউরী
তৃতীয় বর্ষ (বাংলা বিভাগ)

এদেশ আমার জন্মভূমি
জন্ম নিয়ে ধন্য আমি,
এই মাটিতে জন্মেছিলেন শহীদ ক্ষুদিরাম,
পুণ্যভূমি ভারতভূমি; সেই ভূমিকে প্রণাম।
ভারতমাতা গরবিনী,
পুণ্য-আত্মা প্রসবিনী।
সেই মাতাকে আমি যে তাই সহস্রবার নমি,
সকল দেশের সেরা জেনো আমার জন্মভূমি।
ফলছে দেশে সোনার ফসল,
ইচ্ছে হাজার স্বপ্ন সফল
গাইছে কবি গলা খুলে শত সাম্যের গান,
সেই সুরে যাচ্ছে দূরে ভেদাভেদের নাম।
মন্দিরে কীর্তন আর মসজিদেতে আজান
দু-এর সুরে মন জুড়ালো, ধন্য হলো প্রাণ।।

# ক্ষুদ্রকণা

সুমনা ধাড়া
বাংলা বিভাগ (প্রথম বর্ষ)

রঙিন মোর নানান স্বপ্ন
আছে মনের ঘরে –
ভাঙ্গা ঘরের ভাঙ্গা চালে,
জল পড়ে যায় জোরে।
নুন আনতে পান্তা ফুরোয় –
পরিশ্রমের চোটে,
চোখের সামনে স্বপ্ন আমার –
ঝাপসা হয়ে ওঠে।
যুগের সামনে তাল মিলিয়ে –
চলতে হবে ভাই,
ভবিষ্যতের স্বপ্ন আমায় ,
দোলা দিয়ে যায়।
আশা, ইচ্ছা আকাঙ্ক্ষাতে--
জেগেছে মনের মাঝি,
সাফল্যের-ই সমুদ্রে--
ডুব দিতে আমি রাজি।



# ভবিষ্যৎ

অভিজিৎ রায়
শিক্ষা সহায়ক কর্মী
পাত্রসায়ের মহাবিদ্যালয়।

'ভবিষ্যৎ'এই শব্দটির সাথে আমরা শৈশব থেকেই পরিচিত। বাল্যকাল থেকেই আমরা নিজেদের ভবিষ্যত সম্বন্ধে চিন্তা-ভাবনা আরম্ভ করি। জন্মগ্রহণের পর একজন শিশুর মন থাকে সাদা কাগজের মত। বিভিন্ন পারিপার্শ্বিক ঘটনা সেই সাদা কাগজে রেখাপাত করে। প্রত্যেক শিশু যেহেতু একরকম পরিবেশে বড় হয় না তাই প্রতিটি শিশুর ভবিষ্যত পরিকল্পনাও ভিন্ন ভিন্ন হয়। বাল্যকালের অপূর্ণ মন ভবিষ্যতের জন্য অনেক স্বপ্ন দেখলেও বাস্তবে সেই স্বপ্নকে স্বার্থক করে তোলা অনেক ব্যক্তির পক্ষেই অসম্ভব হয়ে ওঠে।

জাতির জনক মহাত্মা গান্ধী বলেছেন - 'ভবিষ্যত মূলত নির্ভর করে আজ আমরা কি করছি তার উপর'। আসলে বর্তমান হল আমাদের ভবিষ্যত-এর ভিত্তি গড়ার সময়। বর্তমানের কৃতকর্ম ভবিষ্যতে ফলপ্রদান করে। তাই ভবিষ্যতে ভালো কিছু প্রাপ্তির আশায় বর্তমানের কৃতকর্মের প্রতি মনোযোগী হওয়া উচিত। বর্তমানে করা কোনো কিছুই অতীতের পরিবর্তন ঘটাতে সক্ষম না হলেও তা ভবিষ্যতকে পরিবর্তন করতে পারে। ভবিষ্যত হল সেইসব কৃতকর্মের ফল যা আমরা আজ করছি। তাইতো মাইক মুরডক বলেছেন 'ভবিষ্যতের গোপন রহস্য লুকিয়ে আছে তোমার প্রতিদিনের রুটিনের মধ্যেই।' যেহেতু মানুষের নিজের হাতেই রয়েছে তার ভবিষ্যতের চাবিকাঠি তাই একমাত্র মানুষই হল তার ভবিষ্যত জীবনের সর্বশ্রেষ্ঠ নিয়ন্ত্রক।

সময়ের দর্শনের বর্তমানবাদ হল শুধুমাত্র বর্তমানের বিদ্যমানতা ও ভবিষ্যৎ ও অতীতের অস্তিত্বহীনতার বিশ্বাস। অনেক নবী, ঈশ্বরের দূত ও দৈবাঙ্গ এর ন্যায় ধর্মীয় ব্যক্তিত্বগণ ভবিষ্যৎ দেখার ক্ষমতা দাবি করেছেন। পূর্বেকার মানুষের স্বর্গীয় বিষয়বস্তু নিয়ে পর্যবেক্ষণই ভবিষ্যৎ পূর্বভাস ও ভবিষ্যদ্বাণী নির্ণয়ের সংগঠিত প্রচেষ্টার জন্ম দিয়েছে। ভবিষ্যৎবিদ্যা বা ফিউচারিজ্ম হল সম্ভাব্য ভবিষ্যৎ নির্ণয় সম্পর্কিত বিজ্ঞান, কলা ও চর্চা। বর্তমান বিজ্ঞানীরা একমুখী ভবিষ্যৎ নির্ণয়ের থেকে বিপরীত ও বহুমুখী নির্ণয়ের গুরত্বে বেশি জোর দিয়ে থাকেন।

প্রসঙ্গত বলা যায় বর্তমানে আমরা যে কোভিড-১৯ নামক ভয়াবহ অতিমারীর সন্মুখীন হয়েছি তার কথা। আমরা যে হঠাৎ করে এমন একটি অতিমারীর সন্মুখীন হব তার কোনোরূপ পূর্বাভাস আমাদের কাছে ছিল না। এমনকি তথাকথিত ভবিষ্যত বক্তারাও এইরকম একটি অতিমারীর পূর্বাভাস দিতে অক্ষম হয়েছেন। সেক্ষেত্রে বলা যায় ভবিষ্যৎ আমাদের হাতে থাকে না। আমরা সকলেই ভবিষ্যৎ নিয়ে চিন্তিত। ভবিষ্যতে কি হবে তা ভেবে বর্তমানকে নষ্ট করা বোকামি।

## রোগগ্রস্ত পৃথিবী (কোভিড-১৯)

মিলন ঘোষ
বাংলা বিভাগ (দ্বিতীয় বর্ষ )

হয়ত সব ধ্বংস করার জন্য চলছিল কোনো ফন্দি,
যার কারণে আজকে আমরা হয়ে আছি গৃহবন্দী।
কোন ভুলের ভুগছি মাশুল সবাই মোরা,
শতকোটি প্রণাম তাদের, রোগগ্রস্ত মানুষের সেবা করছেন যারা।
সবার মুখ মুখোশে ঢাকা, যাচ্ছে না বোঝা কে ভালো কে মন্দ,
ভয় লাগে এই নিয়ে সমাজে আবার বাঁধবে নাতো দ্বন্দ্ব।
এতদিনের লকডাউনে কাটছে অনেকের কষ্টে দিন
দুবেলা দুমুঠো খাবার জন্য করতে হচ্ছে ঋণ।
স্কুল-কলেজ সব বন্ধ, অফিসে ও হচ্ছে না কোনো কাজ
নতুন বছরেও কলেজের দেখছি না কোন সাজ।
ONLINE-এ হচ্ছে পড়া ডাকলে স্যারেরা পান না সাড়া,
সকলে যেন পাশ করে সেই চেষ্টা করছেন তাঁরা ।
উৎসবের উচ্ছাস দেখছি না কারোমুখে,
সুখে নেই কেউ, সবাই আছে দুঃখে।
সারাদিন সবাই ঘরেই আছি, যাচ্ছি না কোনো কাজে -
সকলে প্রার্থনা করছি মোরা দেশটা যেন বাঁচে।
স্বাস্থ্যবিধির নিয়ম মেনে সকলে ভ্যাকসিন নেব,
সর্দি, কাশি-জ্বর হলে ডাক্তারের কাছে যাব।
সমস্ত কালো ঘুচিয়ে নতুন সূর্য উঠবে
বিশ্ববাসীর সমস্ত ক্লান্তি একদিন ঠিকই ঘুচবে।
সেবা করছে যারা তাদের সমর্থন করব মোরা,
বাজিয়ে ঘন্টা শঙ্খ-কাঁসি--
এক নতুন সূর্যোদ্বয়ের সাথে ফুটবে সবার মুখে হাসি।

# 'অহিংসা'- জৈন দর্শনসম্মত নীতিতত্ত্ব

ঐশী ভট্টাচার্য্য
সহকারী অধ্যাপিকা এবং বিভাগীয় প্রধান
দর্শন বিভাগ
পাত্রসায়ের মহাবিদ্যালয়।

**'অহিংসা'-** এই শব্দটি শ্রবণমাত্র যে অর্থ অনুভূত হয় তা হল- হিংসা না করা। এটি অহিংসা শব্দের নঞর্থক অর্থ। অহিংসা শব্দের এইরূপ নঞর্থক অর্থকে অনুসরণ করে বলা হয় - কায়িক বা শারীরিকভাবে কোনো জীবের ক্ষতি না করা, বাচিকভাবে কোনো জীবকে ক্ষতিকর কথা না বলা এবং মানসিকভাবে কোনো জীবের ক্ষতির চিন্তা না করাই অহিংসা। অর্থাৎ শুধুমাত্র কর্মের দ্বারা নয় বরং চিন্তা বা বাক্যের দ্বারাও অপর ব্যক্তির প্রতি হিংসাত্মক মনোভাব প্রদর্শন অবশ্য পরিত্যাজ্য। অহিংসা হল পরমধর্ম। বেদাদিশাস্ত্র, স্মৃতি সংহিতা এমনকি মহাভারতেও এই অহিংসা নীতির উল্লেখ পাওয়া যায়। বিভিন্ন ভারতীয় দর্শন সম্প্রদায়গুলির মধ্যে শুধুমাত্র জৈন দর্শনেই নয় বরং বৌদ্ধ, যোগ প্রভৃতি দর্শনেও অহিংসা নীতিকে কঠোরভাবে পালনের নির্দেশ আছে। সকল জীবের প্রতি অহিংসা প্রদর্শনের ধারণাটি বৌদ্ধ ও জৈন দর্শনের নৈতিক আলোচনার মূল ভিত্তি। ভগবান শাক্যমুনির মতানুযায়ী, হিংসা হল এমন একপ্রকার চিত্তদোষ যা মানুষের দুঃখমুক্তির পথকে কন্টকাকীর্ণ করে তোলে। এই হিংসা মানুষকে দুঃখময় পার্থিব জগতের উর্দ্ধে উঠতে বাধা প্রদান করে। তাই হিংসা অবশ্য পরিত্যাজ্য।

ভারতীয় দর্শন সম্প্রদায়গুলির মধ্যে বিশেষতঃ জৈন দর্শন সম্প্রদায় অহিংসাকে সর্বশ্রেষ্ঠ ব্রত বলেছেন। জৈন নীতিতত্ত্বের তিনটি মহাম ূল্যবান উপদেশ হল - সম্যক্ দর্শন করো, সম্যক্ জ্ঞান লাভ করো এবং সম্যক্ চারিত্রের অধিকারী হও। আর এইসবের জন্য একান্ত প্রয়োজন হল সর্বজীবে প্রেম-ভালোবাসা বিতরণ এবং অহিংসাব্রত উদ্‌যাপন। সম্যক্ চারিত্রের অধিকারী হওয়ার জন্য সংসারত্যাগী মঠবাসী সন্ন্যাসী তথা শ্রমণ এবং গৃহবাসী সংসারী তথা শ্রাবক উভয়ের পালনীয় ধর্ম হল অহিংসা। **'চরাণাম্ স্থাবরাণাম্ চ তদহিংসাব্রতম্ মতম্'** অর্থাৎ জৈনমতে গতিমান ও গতিহীন সকলপ্রকার জীবের প্রতি হিংসা থেকে বিরত থাকাই হল অহিংসা। শুধুমাত্র শারীরিক হিংসা নয়, বাচিক এবং মানসিক হিংসাও অবশ্য পরিত্যাজ্য। অন্যকে হিংসাত্মক কর্মে প্ররোচিত করা, কোনো ব্যক্তির হিংসাত্মক কর্মকে সমর্থন করা- প্রত্যক্ষ হিংসার নামান্তর। ক্ষুদ্রাতিক্ষুদ্র জীবের ক্ষতির কথা চিন্তা করা বা কটুবাক্য ব্যবহার করে অপর ব্যক্তিকে আহত করাও হিংসাত্মক কর্ম বলে বিবেচিত হয়। জৈন দর্শনে একশো আট প্রকার হিংসার উল্লেখ করে উক্ত সকলপ্রকার হিংসা সর্বৈব পরিত্যাগের কথা বলা হয়েছে। জৈন দর্শনে অহিংসা নীতিটিকে একাধারে যেমন মঠবাসী সন্ন্যাসী তথা শ্রমণদের পালনীয় ধর্ম বলা হয়েছে তেমনি সাধারণ সংসারী মানুষ তথা শ্রাবকদের জন্যও তা অবশ্য পালনীয় ধর্ম বলে বিবেচিত হয়েছে। জীবহত্যামাত্রই হিংসার অন্তর্গত। জৈনরা অসতর্কভাবে জীবহত্যাকেও হিংসাত্মক কর্মরূপে অভিহিত করেছেন। তাই কঠোরভাবে অহিংসা ব্রত পালনকারী মঠবাসী শ্রমণদের কাছে জীবহত্যা সর্বৈব পরিত্যাজ্য। বাতাসে ভাসমান অতিক্ষুদ্র জীবাণু যাতে শ্বাস-প্রশ্বাস প্রক্রিয়ার জন্য নিহত না হয় তার জন্য শ্রমণরা নিজেদের নাসারন্ধ্রে একপ্রকার শ্বাসজালিকা ব্যবহার করেন। তবে সংসারী মানুষের জন্য কঠোরতম অহিংসা ব্রত পালন আবশ্যিক নয়। শ্রমণরা যেভাবে অহিংসাব্রত পালনে সক্ষম শ্রাবক তথা গৃহীদের পক্ষে তা অসম্ভব। জৈনগণ, দুই ইন্দ্রিয়যুক্ত (রসনা এবং ত্বক ইন্দ্রিয়যুক্ত ক্রিমি, শঙ্খ, শামুক প্রভৃতি), তিন ইন্দ্রিয়যুক্ত (ত্বক, রসনা এবং ঘ্রাণ ইন্দ্রিয়যুক্ত পিঁপড়ে,

জোঁক প্রভৃতি), চার ইন্দ্রিয়যুক্ত (ত্বক, রসনা, ঘ্রাণ এবং চক্ষু ইন্দ্রিয়যুক্ত মাছি, মশা, ভ্রমর প্রভৃতি) এবং পঞ্চ ইন্দ্রিয়যুক্ত (ত্বক, রসনা, ঘ্রাণ, চক্ষু এবং শ্রবণ ইন্দ্রিয়যুক্ত মানুষ, পশু-পাখী প্রভৃতি) প্রভৃতি ত্রস জীব যদি আক্রমণাত্মক না হয় তাহলে তাদের উদ্দেশ্যপ্রণোদিতভাবে অনিষ্ট সাধন থেকে গৃহীগণকে সারাজীবন বিরত থাকার কথা বলেছেন। কোনো ত্রস জীব যদি কোনো গৃহীর প্রতি আক্রমণাত্মক হয় অথবা কোনো ত্রস জীবের প্রতি গৃহী যদি অনিচ্ছাকৃত আঘাত করেন তাহলে তিনি অহিংসা ব্রত লঙ্ঘনকারী বলে বিবেচিত হবেন না। তবে এই নিয়ম শুধুমাত্র গৃহীদের প্রতি প্রযোজ্য। কেননা দৈনন্দিন জীবনে গৃহীদের এমন কিছু কর্ম করতেই হয় যাতে অন্যান্য জীবের অনিষ্ট সাধিত হয়। এইকথা মাথায় রেখেই জৈনরা শ্রাবকদের জন্য অহিংসা ব্রতকে শিথিল করেছেন। শত্রুদের হাত থেকে দেশকে রক্ষা করার জন্য শ্রাবকরা প্রয়োজনীয় হিংসার আশ্রয় নেন। খাদ্যগ্রহণ করার সময় গৃহী অবশ্যম্ভাবী হিংসার সন্মুখীন হন। এই কারণে জৈনরা জীবনধারণের জন্য আবশ্যক নয় এমন কিছু খাদ্যদ্রব্য গৃহীদের ক্ষেত্রে নিষিদ্ধ করেছেন। যেমন - মাংস, মধু, মদ, মাখন প্রভৃতি খাদ্যদ্রব্য শ্রাবকদের জন্য নিষিদ্ধ। মধু সংগ্রহ করার সময় জীবের প্রাণহানি হয়, মদ প্রস্তুত করার সময় যেসব ক্ষুদ্র ক্ষুদ্র ব্যাকটিরিয়া জন্ম নেয় - মদ গ্রহণ করলে তাদের জীবননাশ হয়। আর মাংস সরাসরি জীবন নাশের কারণ। এছাড়া অধিক বীজযুক্ত ফল শ্রাবকদের পক্ষে বর্জনীয়। এই সকল প্রকার অবশ্যম্ভাবী হিংসা যা শ্রাবক পরিস্থিতির সন্মুখীন হয়ে করে থাকেন তাও অবশেষে পরিত্যাগ করতে হয়। মোক্ষলাভে ইচ্ছুক শ্রাবকগণ ধীরে ধীরে এইপ্রকার কর্ম থেকে নিজেকে সরিয়ে আনেন এবং চূড়ান্ত পর্যায়ে উক্ত সকলপ্রকার কর্ম থেকে বিরত থেকে শ্রমণত্বের স্তরে উন্নীত হন।

অহিংসা নীতিটি ধর্মশাস্ত্র, নীতিশাস্ত্র, দর্শনশাস্ত্রে উল্লিখিত নিছক তত্ত্বকথা নয়, বরং ব্যবহারিক জীবনে এই নীতির গুরুত্ব অপরিসীম। প্রেম, ভালোবাসা, করুণা প্রভৃতি হল অহিংসার সদর্থক দিক। অহিংসা মানুষের মধ্যে অবস্থিত একটি স্বাভাবিক প্রবৃত্তি। কিন্তু ব্যক্তি মধ্যস্থ রাগ, ঘৃণা, বিদ্বেষ প্রভৃতি পাশবিক প্রবৃত্তিগুলি অহিংসা প্রবৃত্তিকে সাময়িকভাবে আবৃত রাখে। ফলে ব্যক্তি নানাপ্রকার হিংসাত্মক কর্মে লিপ্ত হয়। সমগ্র জীব জগত একই পরমাত্মার অংশবিশেষ - এইরূপ আত্মোপলব্ধির দ্বারাই মানুষের মধ্যেকার এই পাশবিক প্রবৃত্তিগুলি বিনষ্ট হয় এবং পরস্পরের প্রতি ভালোবাসা, মৈত্রী, করুণা প্রভৃতি অহিংসাত্মক গুণগুলি জাগ্রত হয়। ভালোবাসার বন্ধন হল এমন এক বন্ধন যা মানুষকে একসূত্রে গ্রথিত করে। মানুষ সমাজবদ্ধ জীব। পারস্পরিক প্রেম-সহযোগিতা-সৌহার্দ্যপূর্ণ সহাবস্থানের দ্বারা আমরা নিজেরাই একটি সুষ্ঠ সমাজ গড়ে তুলতে পারি। হিংসা, হানাহানি, মারামারি, মারণাত্মক অস্ত্র-শস্ত্র প্রভৃতি দ্বারা কোনো দেশে কোনো কালে কোনো পরিস্থিতিরই স্থায়ী সমাধান হয় নি। হিংসা হিংসাকে ডেকে আনে, সন্ত্রাস ডেকে আনে সন্ত্রাস। অপর ব্যক্তিকে শত্রুজ্ঞান করার আগে নিজের অন্তরের রাগ, ঘৃণা, বিদ্বেষ প্রভৃতি পাশবিক প্রবৃত্তিগুলিকে শত্রুজ্ঞান করা উচিত। কেননা 'আমার শত্রু স্বয়ং আমি নিজেই'- এই বোধ যার মধ্যে জাগ্রত হবে সে অন্য কোনো ব্যক্তির প্রতি শত্রুপূর্ণ মনোভাব পোষণ করা থেকে বিরত থাকবে। অপর ব্যক্তির প্রতি শত্রুতাপূর্ণ, ঈর্ষাপরায়ণ মানসিকতার দ্বারা কোনো কালেই কোনো সমস্যার সমাধান সম্ভব নয়, বরং সমস্যার মূলে গিয়ে তার স্থায়ী সমাধান খুঁজে বের করাই আমাদের একমাত্র লক্ষ্য হওয়া উচিত। আর এই কাজে অহিংসা নীতি হল শ্রেষ্ঠতর। 'অহিংসা'- কোনো নিষ্ক্রিয় আধ্যাত্মিকতা নয়, বরং এটি হল একটি সক্রিয় শক্তি। বিভিন্ন ধর্মশাস্ত্র, বেদাদিশাস্ত্রে উল্লিখিত অহিংসানীতি আদপে যে নিছক তত্ত্বকথা নয় তা প্রমাণ করার জন্য মানুষকেই এগিয়ে আসতে হবে। একমাত্র মানুষই অহিংসা নীতিকে ব্যবহারিক জীবনে প্রয়োগ করে তার নিজের মধ্যেকার আসুরিক প্রবৃত্তির বিনাশ ঘটিয়ে নবজ্ঞানালোকে উদ্ভাসিত হয়ে সমাজ তথা দেশের পরিবর্তন ঘটাতে সক্ষম।

**পাত্রসায়ের মহাবিদ্যালয়**

সৈকত পাল
শিক্ষাবিজ্ঞান বিভাগ (দ্বিতীয় বর্ষ)

আমরা এখন মহাবিদ্যালয়-এর ছাত্র-ছাত্রী,
উচ্চমাধ্যমিক পার করে,
চোখের পাতায় অনেক স্বপ্ন,
ভাবছি সফল হব কেমন করে।
প্রথম দিন মহাবিদ্যালয়ের প্রবেশ পথেই
হলাম বড় মুগ্ধ,
সামনেই বামদিকে রয়েছে একটি বাগান
তা থেকে বাতাসে বইছে ফুলের সুগন্ধ।
মহাবিদ্যালয়ের দক্ষিণে রয়েছে খেলার মাঠ --
আর উত্তর রয়েছে একটি গ্রন্থাগার,
অধ্যাপক – অধ্যাপিকারা শ্রেণিকক্ষে পাঠ করাচ্ছেন,
মহাবিদ্যালয়ের পরিবেশ শান্ত মনোরম।
মহাবিদ্যালয়ের পাঠের সময়--
সকাল সাড়ে দশটা থেকে বিকেল সাড়ে চারটে,
তারপরেতে আনন্দে ফিরতাম বাড়ি --
কেউ হেঁটে, কেউ বা বাইসাইকেলে।
এভাবেই সুখেই কাটছিল আমাদের জীবন;
অধ্যাপক-অধ্যাপিকা ও বন্ধুবান্ধবীদের নিয়ে-
প্রথমবর্ষ থেকে তৃতীয়বর্ষ পর্যন্ত
পাত্রসায়ের মহাবিদ্যালয়ে।
এভাবেই কাটলো তিনটি বর্ষ
এবার জানি ছেড়ে যেতে হবে –
তবুও আমাদের কোনো গল্প রবে
তোমার এই পবিত্র শিক্ষায়তনে।

# লকডাউন

সঙ্ঘা সোম
ইংরেজি বিভাগ (দ্বিতীয় বর্ষ)

আমরা ঘরবন্দী, ক্রমশ কাহিল
সবাই বিষাদে আচ্ছন্ন।
এদেশে দুর্ভিক্ষ প্রতিদিন, শকুন ও চিল
চক্রাকারে চেতনে-অচেতনে দুঃস্বপ্ন।
আমরা বুভুক্ষু, আমরা সাহায্যপ্রার্থী
আমাদের চিৎকার ক্রন্দন।
আমাদের কাতরতা আর্তি
শুনছে না কেউ অরণ্যরোদন।
আজ বেঁচে আছি কালকের কথা বলা অসম্ভব
জীবে আর দয়া নেই, মায়ার জগতে শুধুই শোক।



# Perspectives on Scientific Knowledge in Ancient India

**Dr. Priya Jyoti Samanta**
Head of the Department of History

**etat sarvam yukti-mulam, eva na tva agama-mulam**

All this is rooted in reason, not in the dogmas.

(Neelkantha, 1444-1545 AD)

One may like to pause to reflect upon the nature and place of knowledge in the Indian traditions. Ancient Greeks perceived knowledge in terms of power; it was used to acquire and consolidate power; it was not merely knowledge for the sake of knowledge. To Indians it meant liberation – sa vidya ya vimumtaye. But liberation from what – ignorance, disease, poverty of what Buddha called dukkha or liberation from this world itself? As the Brahmanical tradition became strong, the metaphysical other-worldliness overtook the quest for vimukti. The purpose may have changes from time to time but the quest remained. It is this quest that makes our civilizational journey fascinating. Inherent here is also the premium on wisdom. Wisdom was the aim of our rishis and wisdom was applied even for developing techniques to improve the quality of life, for instance, ayurveda of yoga.

The Indian knowledge system may not have what Kuhn terms as 'paradigm shifts'. Change was there but evolved slowly; knowledge did move forward but without any sharp break with the past. It moved through writing commentaries which scholars in every generation wrote making additions or subtractions in the then existing corpus of knowledge. Significantly youkti (skill, reasoning) is highly prized in the Indian tradition. Neelkantha praises his hero Aryabhatta as yukti-nidhi; Bhaskara II praises his bija-ganita as avyakra-yukti (handling unknown variables). Unlike Greek 'axiomatism', the Indians used what R. Narsimha calls 'computational positivism'. This attitude relied only on facts as the possible objects of knowledge; it did not give any credence to metaphysics or to assumptions that could not be verified as facts. The result was that errors in the predictions of planets were less in the Indian approach compared to those based on Ptolemy's 'axiomatic' procedure. Another interesting aspect is that the Indians considered the siddhantas valid only for some finite period of time (kvachit kale pramanam) and not valid for ever.

The biggest problem in Indian tradition, as an eminent Indian scientist Narliker argument, is that of 'praksipta' which are basically additions reflecting the culture of the time. The 'praksipta' merges well with the text and in most cases difficult to identify. For example, one would be surprised to find reference to provident fund and insurance facility for an employee in the Sukraniti compiled in the Gupta period. Actually it was added by an employee of the East India Company in the 1830s!

**Split Science**

For the ancient periods we should not use the term science as we understand it today. Scientific investigations were definitely there, empirical observations were made, and numerous rational explanations were given. But it is doubtful whether the methods used were

as exact as done in modern times. In ancient texts one finds numerous references to yukti (reason), tarka vidya (science of reasoning), anvikshki (investigation), anumana (intelligent inference), pramana (proof) and hetusastra (dialectics). The celebrated Charaka Samhita talks of yukti bheshaj (rational medicine). Though the Indian traditions did accommodate certain rational explanations but taken as a whole more reliance was placed on anubhuti (experience) than on anything else. The great philosopher Sankara preferred anubhuti, not suska tarka (dry reason). Many perished in the process and a vast majority had to compromise. Brahmagupta (the author of Brahmasphuta Siddhanta, 628 AD) knew the real reason for the eclipses but since the Puranas had claimed that it happened because of the demon Rahu, he preferred to save his skin by endorsing the Pauranic claim. He took one step forward and then two steps backward. The power of tradition and the weight of canonical knowledge were so great that even great minds had to succumb.

Why did scientists behave like split personalities? Why while accepting science they also prostrate themselves before its opposite? Why different kinds of alien ideas and attitudes remain mixed up with science in the ancient texts? It was because the lawgivers who guided and guarded their traditions jealously were not willing to allow any challenge to the authority and their worldview. The other disciplines like phonetics, grammar (vyakarna), etymology (nirukta), metrics (chandas), and calendrical astronomy (jyotisa) had elements more of rituals and orthodoxy than those of rational observation and explanation. Medicine too had a magico-religious origin but gradually it developed from daiva-vyapasraya bhesaja to yukti-vypasraya bhesaja.

The ayurveda gradually emphasised not only direct observation of natural phenomena but also the technique of a rational processing of the empirical data. Their understanding of the aetiology of several diseases and even the functioning of the organs of the body might have been deficient but their knowledge of the therapeutic value of the plant world was amazing. Susruta talks of mutual interrelation (paraspara lsamsaragat), mutual interdependence (paraspara-anugrahanat), and mutual interpenetration (paraspara-anuprevesat). This is how the panchbhutas (Five Forms of Matter) run the universe.

Against this background, the ancient Indian physicians developed a theory of medicine revolving around tridosha (three humors) and claimed that the diseases occurred because of the imbalance among the three. This indeed was a great limitation on their knowledge of because not everything could be explained in terms of the pancha-bhuta and the tridosha framework. This explains also the weaknesses of the ancient Greek and Indian medical systems which much later were successfully challenged in the early modem times by scientists like Paracelsus, Vesalius and Harvey.

In India for centuries the canonical texts like the Samhitas of Charak and Sushruta were there to guide but knowledge advanced through commentaries and even replications. In the deep south, the Siddhas had developed knowledge of pulse and methods of diagnosis by eight kinds of clinical-examination. By the end of the thirteenth century, thanks to the works of Chakrapanidata, Vangasena and Sarangdhara, a new change had come in the shape of the blending of Ayurveda and Rasashastra (medicine and alchemy). These developments have been mostly internal but the possibilities of external influences from other cultures cannot be ruled out. But unfortunately these texts and later commentaries have no anatomical or surgical illustration. Dissection became a taboo and knowledge became secretive, confined to one's own son or the Brahmanas. Todarananda (a 16th century encyclopaedic work), for example, says that rasavidya (alchemy) is to be kept 'as secret as mother's genitals'. Even mineral classification reflected the caste divisions. For example, the diamonds are described as of four types, Brahmana, Kshatriya, Vaisya, and Sudra; they are also male, female or

napunsaka'. The Anandakanda (The Root of Bliss) encompasses almost the entire Hindu alchemical tradition in six thousands verses. It is the sole attempt to fuse rasa siddhas (alchemists) with the nath siddhas (spiritual tantries/yoigis).

**Religion and Science**

The term religion & science is easier to say than to explain, that too in relation to the distant past. Religion and knowledge have always been intertwined. In India the earliest ideas and rituals were articulated in the four vedas.

Numerous names appear as astronomers of the post-Vedic period. They are Garga, Parasara, Kasyapa, Narada, Vasistha, Bhrigu and many more who composed their own samhitas. Garga is known for his comment on the Greeks whom he described as mlecchas who deserved to be honoured as sages because of their knowledge of astronomy. All this led to the development of a kind of knowledge which formed the bedrock on which new additions were to be made.

These new additions came to be known as the siddhantas, which were probably eighteen in number.

It is said that by the fourth century A.D. the Indian mathematicians had developed the system of decimal numeration using nine digits and zero. Aryabhata's Aryabhatiya is a well-known mathematics based astronomical text composed in the fifth century A.D. This work marks a paradigm shift. It deals with astronomical principles and the methods of computation in a highly condensed form. Aryabhatta was probably the first astronomer to talk of rotation of the earth on its axis and also providing the correct explanation for the eclipses. He was followed by Varahmihira, Bhaskara I and Brahmagupta. The last one composed Brahmasphutasiddhanta consisting of 1008 verses. It dealt with planetary motions, eclipses, and the problems of time, space and distance. He criticised Aryabhatta for abandoning the traditional Rahu-Ketu theory of the eclipses. Here is an example of how an astronomer had to accept something handed down by the religious tradition epitomised by the puranas. But he was a great mathematician and his works were translated by the Arabs which started a new trend of mathematics-based astronomy.

The tradition continued and another landmark appeared in the. 12th century A.D. in the works of Bhaskara II.

**The Buddhist and Jain Interventions**

The emergence of Buddhist philosophy marks a watershed in ancient Indian thoughts. Buddhism puts great emphasis on reason and rationality and, like science, it tries to explore the realms of sensory and mental experience. It brings the mind and body together. Buddhism does not define itself as a religion or a science nor does it distinguish between religious truths and scientific truths. But both Buddhism and science teach that all beings are alike subject to universal laws. Buddhism examines the laws of the inner world while science explains the outer world. In Buddhism scientific and contemplative knowledge are not antagonistic at all though their priorities may be different. Some scholars have compared the Buddhist Madhyamaka with the modern quantum theory.

Another important ancient Indian religion is Jainism. It developed a set of cosmological theories of its own and differed vastly from the Brahmanical Vedanga Jyotisha. Its original text is Surjyaprajnapti attributed to Lord Mahavira himself (fifth century BC). Numerous commentaries appeared at a regular interval. The Jain astronomy has two suns, two moons and two sets of 27 naksatras. The earth is conceived as a series of flat concentric rings of land masses separated by concentric ocean rings. At the central circle was located the


Jambudwipa at whose centre stood the magnificent Mount Meru. A first century BC text Sthangasutra, refers to the science of numbers, fundamental operations, solid mensuration, fractions, algebra, permutations and combinations, etc. They excelled in the enumeration of large numbers. Scholars have compared this ability of the Jain mathematicians to that of the Alef-zero of modem mathematics.

**Technologies**

Tool making has been synonymous with civilization growth. The wheel-turned pottery was very common in the Indus Valley civilisation. The pottery was kiln-fired and was painted. Mica, sand and lime were used as tempering materials and charcoal was used as fuel. Other than glazed pottery, the Harrapans knew the use of copper and also the techniques of making beads, soldering, sheet-making, rivetting, coiling, casting, etc. The Vedic people are good metalworkers. Iron was known in the middle eastern civilisation. Probably came to India by fifth century BC. Production of new items, new tools, and must have boosted trade. The introduction of iron hoe in the plough enhanced agricultural production many fold. A new economy had emerged which continues to grow till date. The use of iron had changed the face of war as well. The celebrated Arthasastra gives a lot of information on mining, smelting and the utilities of different kinds of metals.

**Plant Sciences and Agriculture**

It may not be proper to find the similarities of modern knowledge systems in ancient past. Relevant traces are bound to be there but these can not be exaggerated to the extent that all knowledge existed in the Vedas! We may not have everything in ancient past but there was definitely a substantial corpus of useful knowledge. After all it was a thinking civilisation and a vast ancient literature and archaeological evidences bear testimony to this. No wonder the celebrated author of Tabqat-al Uman, Qadi Saiid al- Andalusi (1029-1070) wrote that, "Among all nations India was known as the mine of wisdom and the fountain-head of justice. Although their colour belongs to the first grade of blackness, yet God the Exalted has kept them immune from evil character, base conduct and low nature. He (God) has thus exalted them (Indians) over many brown and white peoples...They also obtained profound and abundant knowledge of the movements of the stars, the secrets of the celestial sphere and all other branches of mathematical sciences. Moreover, of all the peoples they are the most learned in the science of medicine and well-informed about the properties of drugs and the nature of composite elements."



**বিষন্নতা**

অভিজিৎ মুখার্জী
ইংরেজি বিভাগ (প্রথম বর্ষ )

চোখ বুজে যা স্বপ্নই আঁকি
সবেতেই বিষণ্ণতার ছোঁয়া
দুঃখরা এমনই হয়
কখনো চিরস্থায়ী,
আবার কখনো নদীর ধারে
ফুটে ওঠা পলাশ।
পাথর ছুঁয়ে জলতরঙ্গের ঢেউ
ওর চিবুক ছুঁয়ে দেয়
এপাশে ওর কেউ নেই
ফুলের সাথেই ওদের সখ্যতা।
গাছটির কথা কেউ ভাবে না
না তুমি, না আমি
শুধু শ্যাওলাগুলো আঁকড়ে থাকে
পলাশের গায়ে
যে দিন সে আর তোমার থাকবে না ;
এই পলাশের কথা মনে রেখো -
তোমার দুঃখ পলাশের বিষন্নতায় মিশে,
পাপড়ি হয়ে জলে ভেসে যাবে।



# মূল্যবোধ

দীপক কুমার ঘোষ
শিক্ষক, বাংলা বিভাগ

পৃথিবীতে মানুষ নাকি শ্রেষ্ঠ জীব ?
এখনো শ্রেষ্ঠ আছে কিনা এ নিয়ে আছে সংশয় !
সমাজবদ্ধ জীব হিসেবে মানুষের শ্রেষ্ঠত্ব কোথায় ?
যদি না থাকে তার মূল্যবোধ।
যদি পিতা-মাতাকে কাটাতে হয় বৃদ্ধাশ্রমে,
তবে খুঁজে পাইনা সন্তানের মূল্যবোধ।
যদি শিক্ষক ন্যূনতম সম্মান না পায়,
তবে কোথায় রইল ছাত্রের মূল্যবোধ ?
সমাজের আর্ত পীড়িত মানুষের পাশে যদি না দাঁড়াই,
তবে কোথায় রইল সামাজিক মূল্যবোধ?
শিশু যদি তার পিতামাতার স্নেহ না পায়,
তবে কোথাই রইল বাবা-মায়ের মূল্যবোধ?
ধর্ম যদি মানুষকে ভালোবাসার কথা না বলে,
তবে কোথাই রইল ধর্মীয় মূল্যবোধ?
রাজনীতিতে যদি প্রকৃত নীতি-আদর্শ না থাকে,
তবে কোথায় রইল রাজনৈতিক মূল্যবোধ?
মানুষ হয়ে মানুষ ও মানবজাতির ধ্বংসে যদি লিপ্ত হই,
তবে কোথায় রইল মানবিক মূল্যবোধ?
অর্থ যদি অনর্থের মূল হয়,
তবে কোথায় রইল অর্থনৈতিক মূল্যবোধ?
যদি মানুষ একে অপরের চিন্তা ভাবনাকে গুরুত্ব না দেয়,
কোথায় রইল তবে মনুষ্যত্বের নৈতিক মূল্যবোধ?
মানুষের মধ্য থেকে যদি তার সৎ গুণগুলোই হারিয়ে যায়,
তবে কোথায় রইল মনুষ্যত্বের মূল্যবোধ?
তাই মানুষের কাছে আমার একটাই প্রার্থনা,
আমরা যেন মূল্যবোধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে শ্রেষ্ঠ জীব হতে পারি।

## স্বাধীন ভারতবর্ষ

তিস্তা ঘোষ
বাংলা বিভাগ (প্রথম বর্ষ)

আমার স্বাধীন ভারতবর্ষ আজ আর
ক্ষুধার জ্বালায় করে না আর্তনাদ,
অনাহারের জ্বালা হতে মিলেছে নিবৃত্তি
দরিদ্র দুরারোগ্য ব্যাধি হতে পাচ্ছে নিষ্কৃতি।
আমার স্বাধীন ভারতবর্ষ আজ -
ক্রন্দনে করে না দিনযাপন,
সময় দিয়েছে ডিজিটালে, করছে অলীক সাধন।
আমার সেই ছোট্টবেলার ভারতবর্ষ মূর্ত নয় একক রূপে,
পাল্টেছে রীতিনীতি, ভাঙ্গা পড়েছে কঠিন অনুশাসনের বেড়াজালে।
আমার সেই ভারতবর্ষে আজ আর নেতাজির নাম শুনি না -
সকালে উঠে প্রভাত সংগীতের মূর্ছনায় ভাসিনা -
পাখিদের গুঞ্জন বা ঝোড়ো হাওয়ার বিকালে গল্প-গুজবের পশরা বসে না|
খড়ের চালের ফাঁক দিয়ে রাতের আকাশের তারা গুনি না,
মাতৃঅঙ্কে সুখনিদ্রায় আদৃত থেকে ঊষার আলোর বিচ্ছুরণ দেখি না|
আমার সেই ভারতবর্ষে নজরুল-রবি-জীবনানন্দের কবিতা শুনি না,
ব্যাঙ্গমা-ব্যাঙ্গমী, ঠাকুমার ঝুলি বা রামায়ণের রাম-রাবণের কাহিনী শুনি না।
আমার সেই স্বাধীন ভারতবর্ষ ইট-কাঠ-পাথরের দেওয়ালে বন্দী,
বন্দী হয়েছে শিশুমন, বন্দী হয়েছে শিশুর ভাষা -
অনর্গল শিখিয়ে যাচ্ছি তাদের ইংরেজি ভাষা|
শৈশবত্ব থেকে ছুটি নিয়েছে অনেক আগেই তারা,
হতে হবে যে ডাক্তার মাস্টার কিংবা ইঞ্জিনিয়ার।
প্রাণপণ প্রচেষ্টাতে থাকছে অবিরত

হতে হবে যে বিজ্ঞানী বা পন্ডিতের দর্প।
আঘাত হানলো স্বপ্নে, ভাঙলো মনের আয়না
পথের ধারে মৃতদেহে শায়িত ভারতরত্না।
আমার স্বাধীন ভারতবর্ষের প্রেমিক কবি আর খোঁজে না পথ,
কোনদিন তার প্রেমিকা হারিয়েছে অগোচরে,
বেকারত্বের অকাল গ্রাসে খুইয়েছে সে রাজকন্যা,
পথে প্রান্তে দিকভ্রান্ত, ক্লান্ত শরীরে ঘাম হয়েছে বন্যা।
আমার ভারতমাতার আজ স্বপ্নপূরণ সার্থক,
এই আমাদের স্বাধীনদেশ, এই আমাদের ভারতবর্ষ।



## যুগান্তরে

**অঙ্কন ব্যানার্জী**
শিক্ষাসহায়ক কর্মী

সমস্তটাই আজকের ইতিহাস –
আজকের আঘাতে-আঘাতে পাষাণ হওয়া
সুবোধ মানুষগুলি –
কি দারুণ প্রাণ-চঞ্চল ছিল
গোলাপ যুগে !

... তখন মেঘ থাকতো,
ভিড় জমিয়ে আগাগোড়া গল্প করতো –
সেই অশুভসন্ধ্যায় হারিয়ে যাওয়া
ইকিরমিকির খেলার সমব্যাথীরা!

আজও আছে তোমার শুভ-মহরত আর
আমার অনেক গভীরে লোকানো,
হৃদপিণ্ডসম চিত্র-বিচিত্র...
অভিযোগ-অভিমানের চিত্রনাট্য !

## তবুও কবি

সুরজিৎ সাল
বাংলা বিভাগ (প্রথম বর্ষ)

নামটি আমার সুরজিৎ সাল
কলেজেতে পড়ি,
ম্যাগাজিনে লিখতে হবে
সেই ভাবনায় মরি।
ভাবলাম আমি ...
যেমন তেমন একটা লিখে দেবো
আমার নামে ছাপা হবে
কি আনন্দ পাব !
কলম নিয়ে শুরু করি
যা হোক কিছু লেখা,
নামী দামী হোক না হোক
হবে কিছু শেখা.
বাবা বলেন, 'পড়াশোনা কর
লিখতে হবে না তোকে'-
দাদু বলেন 'সেকি কথা ?
উৎসাহ দে ওকে ! '
হঠাৎ দেখি মা হাজির
ব্যাগটা হতে নিয়ে
চাল কিনে আন নইলে কলেজ
যাবি কি ছাই খেয়ে ?
কবি হওয়ার শখ উড়ে যায়
মনে শুধু ভাবি,
গরিব ঘরের ছেলেরা কি
হয় কখন ও কবি?

# তথ্যের আলোকে ফিরে দেখা করোনা ভাইরাস ও কোয়ারেন্টাইনের ইতিহাস

**সেখ মহম্মদ হাসান**

শিক্ষক, ইতিহাস বিভাগ

সাম্প্রতিককালে সারা পৃথিবীতে করোনাভাইরাস ও কোয়ারেন্টাইন শব্দ দুটো প্রায় সমোচ্চারিত দুটি শব্দে পরিণত হয়েছে। শব্দদুটি শ্রবণের সঙ্গে সঙ্গেই আমাদের মনে এক প্রবল আতঙ্কের সৃষ্টি হচ্ছে। কারণ এই শব্দদুটি তাদের মারণঘাতী ক্ষমতার দ্বারা আমাদের কাছ থেকে কেড়ে নিয়েছে বা বিচ্ছিন্ন করেছে চেনা-অচেনা, জানা-অজানা, পরিচিত-অপরিচিত, দেশ-বিদেশের বহু বিদগ্ধ পণ্ডিত, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশী, বন্ধু-বান্ধবকে। শুনতে নতুন মনে হলেও এই শব্দ দুটি কিন্তু আমাদের কাছে একে বারেই নতুন বা অপরিচিত নয়। বহুদিন আগে থেকেই এই শব্দ দুটির ব্যবহার প্রচলিত রয়েছে। কোয়ারেন্টাইন শব্দটির ইতিহাস তো আরো প্রাচীন। ইতিহাস ও তথ্যের আলোকে এই দুটি শব্দকে নিয়েই নিম্নোক্ত আলোচনা।

**করোনা ভাইরাস:-**

করোনা ভাইরাস কোনো নির্দিষ্ট ভাইরাসের নামনয়, বরং এটি ভাইরাসদের এক 'ফ্যামিলি'কে নির্দেশ করে। এই ভাইরাস একটি এক সূত্র বিশিষ্ট আর.এন.এ নিয়ে গঠিত, যে আর.এন.এ'র মিউটেশন-এর কারণে করোনাভাইরাস গোত্রের ভাইরাসগুলো প্রাণীদেহ থেকে মানবদেহে খাপ খাইয়ে নিতে পারে। প্রাকৃতি কিভাবে ঘটা এই মিউটেশনের কারণে ভাইরাস নিজেকে বদলে ফেলে, সে কারণেই নতুন নতুন মহামারী দেখা দেয়, এবং নতুন করে যুদ্ধে নামতে হয়ে অণুজীবি বিজ্ঞানীদের।

গঠনগতভাবে করোনা ভাইরাস একটা বিশাল আর.এন.এ (RNA) ভাইরাসের পরিবার। "করোনা" শব্দটার আক্ষরিক অর্থ হলো মকুট। ইলেকট্রন মাইক্রোস্কোপের তলায় এই পরিবারের ভাইরাসকে অনেকটা রাজার মাথার মকুটের মতন দেখায়, সেই থেকে এই নামকরণ। অন্যসকল ভাইরাসের মতো এরাও জীবনধারণ ও বংশবৃদ্ধির জন্য কোন না কোন একটা প্রাণী বা উদ্ভিদ কোষের উপর নির্ভরশীল হয়ে থাকে।

করোনাভাইরাস ১৯৩০-এর দশকে প্রথম আবিষ্কৃত হয়। প্রথমদিকে মুরগির মধ্যে সংক্রামক ব্রঙ্কাইটিস ভাইরাস হিসেবে এটি প্রথম দেখা যায়। পরে সাধারণ সর্দি-হাঁচি-কাশিতে

আক্রান্ত রোগীদের মধ্যে এরকম দুই ধরনের ভাইরাস পাওয়া যায়। যদিও করোনাভাইরাসের অনেক প্রজাতি আছে, তার মধ্যে মাত্র সাতটা প্রজাতি মানষুেষের দেহে রোগ সংক্রমণ করতে পারে। এদের মধ্যে চারটে সারা বছর ধরে অত্যন্ত সাধারণ হাঁচি-কাশি সর্দির উপসর্গ সৃষ্টি করে এরা হল, 229E (আলফা করোনাভাইরাস), NL63 (আলফা করোনাভাইরাস), OC43 (বিটা করোনাভাইরাস), HKU1 (বিটা করোনাভাইরাস)।

এছাড়া, মার্স কভ (MERS-CoV)– এটা একটা বিটা করোনাভাইরাস যা থেকে ২০১২ সালে মিডল্ ইস্ট রেস্পিরেটারি সিন্ড্রোম বা মার্স (Middle East Respiratory Syndrome, or MERS) ছড়িয়ে ছিল। সার্স কভ (SARS-CoV)– এটাও একটা বিটা করোনাভাইরাস, যা অতি তীব্র শ্বাসরোগ বা সার্স (severe acute respiratory syndrome, or SARS) ছড়িয়ে ছিল। প্রথম ২০০২ সালে চীন দেশে এই রোগ দেখা গিয়েছিল। মৃত্যুর হার প্রায় ১০০ রোগী পিছু ১০, তবুও এই রোগকে দ্রুত বাগে আনা গেছিলো কারণ মানুষ থেকে মানুষে তার সংক্রমণের হার ছিল কম। সব মিলিয়ে মোট ৮,০০০-এর কাছাকাছি রোগী এই রোগে আক্রান্ত হয় ও প্রায় ৮০০ মানষুেষের মৃত্যু হয়। গবেষণায় প্রমাণ হয় যে একধরনের গন্ধগোকুল প্রজাতির প্রাণীর থেকে এই ভাইরাস মানুষের শরীরে প্রবেশ করে ছিল। তৃতীয় আরেকটা টাইপ, সার্স কভ-২ (SARS-CoV-2) (severe acute respiratory syndrome coronavirus 2)-কেই নভেল করোনা ভাইরাস বলা হয়। এই সার্স কভ-২ মানুষের শরীরে কোভিড-১৯ বা করোনা ভাইরাস ডিসিজ সংক্রামিত করে। এই ভাইরাসকে নভেল বা নতুন বলা হচ্ছে কারণ এই সংক্রামক ভাইরাসটা এর আগে কখনো মানুষের মধ্যে ছড়ায়নি। নতুন আবিষ্কৃত বা নভেল করোনা ভাইরাসের সংস্পর্শে মানুষের দেহে যে ছোঁয়াচে রোগ সৃষ্টি হয়, সেই রোগের নাম কোভিড-১৯ (COVID-19) বা করোনা ভাইরাস ডিজিস (coronavirus disease)। ২০১৯-এর ডিসেম্বর মাসে চীনদেশের ইউহান প্রদেশে সর্বপ্রথম এই রোগের প্রাদুর্ভাব হয়। ভাইরাসটার আরেক নাম ২০১৯-এন.সি.ও.ভি (2019-NCOV)। এই ভাইরাস দ্বারা মানুষ থেকে মানুষের সংক্রমণের হার প্রচণ্ড বেশি। সারা পৃথিবীর প্রায় ১৬৬টা দেশ এই ভাইরাস দ্বারা আক্রান্ত।

ভাইরাস-কে একটা অপরিবর্তনশীল বস্তু বলে ভাবলে চলবে না। যে কোনো আর.এন.এ (RNA) ভাইরাসের মতো সার্স কভ-২-ও খুব সহজেই তার গঠন বদলাতে পারে। অর্থাৎ, ভাইরাস যখন বংশ বিস্তার করে তখন যেমন খুশি নিজেদের জিনের সজ্জা বদলে ফেলতে পারে। এই জিনের পরিবর্তিত সজ্জা নিয়েই ভাইরাস এক মানব দেহ থেকে অন্য মানব দেহে

সংক্রামিত হয়। এখনও পর্যন্ত, করোনা ভাইরাসের ক্ষেত্রে ও প্রায় ১০০ বার মিউটেশান লক্ষ্য করা গেছে। বার বার মিউটেশানের ফলে ভাইরাস খুব সহজেই নতুন নতুন পরিবেশ ও পরিস্থিতির সাথে মানিয়ে নিয়ে সংক্রমণ ছড়াতে পারে।

**কোয়ারেন্টাইন:-**

বিশ্বজুড়ে করোনা ভাইরাস বা কোভিড-১৯ ছড়িয়ে পড়ার পর থেকেই 'কোয়ারেন্টাইন' ও 'আইসোলেশন' শব্দ দুটি অনেক বেশি সামনে আসছে। আমাদের দেশে করোনা রোগী শনাক্ত হওয়ার পর শব্দ দুটি নিয়ে মানুষের মনে আরও বেশি কৌতূহল জন্মেছে।

অসুস্থ ব্যক্তিকে পরিবার থেকে আলাদা স্থানে রেখে যত্ন নেওয়া বা চিকিৎসা করার ইতিহাস কিন্তু বেশ পুরনো। এ সংক্রান্ত সবচেয়ে পুরাতন দালিলিক প্রমাণ হিসেবে ধরা হয় 'বুক অব লেভিটিকাস' বইটিকে। এই বইটি খ্রিস্টপূর্ব ৫৩৮-৩৩২ এই সময়ে লেখা হয়েছে। সেখানকার তথ্য অনুযায়ী, যে সব ব্যক্তির লেপ্রসি বা কুষ্ঠরোগ হতো তাদের সমাজ ও পরিবার থেকে আলাদা করে রাখা হতো।

পার্সী মেডিসিন স্কলার ইবনে সিনা, সন্দেহ করেছিলেন যে কিছুরোগ অণুজীবের দ্বারা খুব দ্রুত ছড়িয়ে পড়ে এবং তিনি মানুষ থেকে মানুষের মধ্যে দ্রুত এই রোগ সমূহ ছড়িয়ে পড়ার আশঙ্কা করে ছিলেন। তাই সংক্রমণ প্রতিরোধের লক্ষে তিনি ৪০ দিনের জন্য মানুষ থেকে মানুষকে বিচ্ছিন্ন করার পদ্ধতি নিয়ে এসেছিলেন, যা পার্সিতে বলা হয় চিল্লাহ (চল্লিশ)। ভেনিস থেকে আসা ব্যবসায়ীরা তাঁর সাফল্য দেখে এই জ্ঞানটি ইতালিতে নিয়ে গিয়েছিলেন। অবশ্য তারা একে নাম দেন 'কোয়ারেন্টা' (ইতালীয় ভাষায় চল্লিশ)। এই ভাবে মহামারী প্রতিরোধের জন্য এই পৃথক শব্দের উৎপত্তি বলে একটি মত প্রচলিত রয়েছে ।

এই 'কোয়ারেন্টিন' শব্দের ব্যবহার শুরু হওয়ার পেছনে আরও একটি ইতিহাস রয়েছে| ১৩৪৭ সালের অক্টোবর মাস। কৃষ্ণসাগর থেকে ১২টি জাহাজ সিসিলির মেসিনা বন্দরে নোঙ্গর করল। প্রথা অনুযায়ী বন্দরের লোকজন জাহাজিদের অভ্যর্থনা দিতে এসে সাংঘাতিক ভাবে চমকে গেলেন। সবগুলো জাহাজের বেশিরভাগ লোকজন মরে পড়ে আছে! যারা মারা যায়নি তাদের অবস্থাও গুরুতর। পুরো শরীর থেকে রক্ত ও পুঁজ গড়িয়ে পড়ছে। জানতে পেরে সিসিলি কর্তৃপক্ষ তাড়াতাড়ি জাহাজের এই বহরকে বন্দর ত্যাগ করার নির্দেশ দেয়। কিন্তু ততক্ষণে ক্ষতি যা হওয়ার হয়ে গেছে। ইউরোপে ঢুকে গেল বিউবোনিক প্লেগ! 'ব্ল্যাক ডেথ' নামে পরিচিত এই মহামারিকে মানবজাতির ইতিহাসের সবচেয়ে ভয়াবহ বিপর্যয় হিসেবে ধরা

হয়। ১৩৪৭-১৩৫০ পর্যন্ত চলা এই ধ্বংসযজ্ঞে পুরো ইউরোপের প্রায় এক-তৃতীয়াংশ মানুষ মারা গিয়েছিল।

সিসিলির এই ঘটনায় শিক্ষা নিল ভেনিস শহর। যদিও কিভাবে রোগ ছড়ায় সেই জ্ঞানের অভাব ছিল তাদের। তবে তারা ধারণা করতে পেরেছিল, সংস্পর্শে আসার সাথে নিশ্চয়ই এর কোনো সম্পর্ক আছে। তৎকালীন ভেনিস নিয়ন্ত্রিত নগরী রাগুসা (বর্তমানে ক্রোয়েশিয়ায়) ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ বন্দর। কোনোভাবে প্লেগ নিয়ন্ত্রণ করতে না পেরে ১৩৭৭ সালে শহরের গ্রেট কাউন্সিল একটি আইন জারি করেন। আইনটিকে বলা হয়ে ছিল, ত্রেনটিনো (trentino) বা ৩০ দিনের আইসোলেশন পিরিয়ড। এই আইনটিতে ৪ টি আদেশ দেয়া হয় –

১. প্লেগ আক্রান্ত এলাকা থেকে আসা কোনো জাহাজ রাগুসা বন্দরে ভিড়তে পারবে না। এর আগে থাকতে হবে ১ মাসের আইসোলেশনে।

২. রাগুসা শহর থেকে কেউ জাহাজের ভেতরে যেতে পারবে না। এরপরেও কেউ গেলে তাকে ও শাস্তি স্বরূপ ১ মাস জাহাজে থাকতে হবে।

৩. কর্তৃপক্ষের অনমুমোদন ছাড়া কেউ জাহাজে খাবার নিয়ে যেতে পারবে না। গেলে আগের মতোই শাস্তি।

৪. উপরোক্ত আইন কেউ না মানলে তাকে ও ১ মাসের আইসোলেশনে থাকতে হবে এবং জরিমানার মুখোমুখি হতে হবে। বন্দরে ভিড়তে না দেয়ার এই আইনটি ক্রমে স্থায়ী হয়ে যায়। পরবর্তী ৮০ বছ র মধ্যে ইতালির অন্যান্য কয়েকটি শহর যেমন- ভেনিস, পিসা, জেনোয়া প্রভৃতিতে ও trentino প্রয়োগ করা হতে থাকে। জীবাণুবাহিত রোগ সম্পর্কে কোনো ধারণা না থাকলে ও প্লেগের ভয়াবহতা শহরগুলোকে কঠিন পদক্ষেপ নিতে বাধ্য করে। তবে এই সময়ের মধ্যে একটি উল্লেখযোগ্য পরিবর্তন হয়। ৩০ দিন থেকে বাড়িয়ে আইসোলেশন পিরিয়ডের মেয়াদ করা হয় ৪০ দিন। এর সাথে আইনটির নাম trentino থেকে পরিবর্তন হয়ে হয় quarantino। এ শব্দটি আসে ইটালিয়ান quaranta থেকে, যার অর্থ চল্লিশ। এই quarantino থেকেই বর্তমানে ব্যবহৃত ইংরেজি শব্দ কোয়ারেন্টিন (quarantine) এর উদ্ভব।

## সস্তা মৃত্যু

মৌপর্ণা ভট্টাচার্য্য
সংস্কৃত বিভাগ (প্রথম বর্ষ)

সময় এখন মানুষ কিনেছে,
মিথ্যা মাখানো ব্যস্ততায় ...
সম্পর্কের ওই আলগা বাঁধনে,
মৃত্যু এখন সস্তা তাই।

কাল যে ছিল ভীষণ আপন,
হঠাৎ সে আজ হয়েছে পর...
কেউই হয়ত বুঝবে না যে,
তার ভিতরেও কত বয়েছে ঝড়।

সাগর যদি কাঁদবে ভাবে,
দেখতে পাবে কি কান্না তার ?
অথচ শোনো, ওই ঢেউয়ের শব্দে,
আজও রয়েছে শত হাহাকার।

দুঃখ আছে, কষ্ট আছে,
মন পুড়ে যায় নীরবতায়...
তবু ব্যস্ততার ধুলো গায়ে মেখে বলি,
মৃত্যু এখন অনেক সস্তা ভাই।

## মাটি

সন্দীপ মালিক
বাংলা বিভাগ (প্রথম বর্ষ)

কেউ যাবে না সঙ্গে নিয়ে
এই পৃথিবীর মাটি,
রইবে পড়ে ধনদৌলত –
শখের সোনার বাটি।
জমিজমা দালান কোঠা
কিংবা দোকান বাড়ি,
বহু টাকার শখের গাড়ি –
থাকবে সেও পড়ি।
তবু কেন ঝগড়া বিবাদ
সকল আমার বলে,
কোনটা আমার, কোনটা তোমার -
সবই যাবে ভুলে।
চক্ষু যেমন বন্ধ হলে
আঁধারে যায় ভরে,
আলো তখন আঁধার হবে -
এই পৃথিবীর পরে।
অনেক টাকার ঝাড়বাতিটাও
ছড়াক যত আলো,
প্রাণপাখিটা পালিয়ে গেলে –
সবই হবে কালো।
তাই পৃথিবীর মাটি তুমি
যতই ভোগ করো,
আপন তাহার কেউ-ই নহে-
সবাই যেন পর।

# ভাবিয়া করিও কাজ

**অচিন্ত্য কুন্ডু**
সহকারী অধ্যাপক
সংস্কৃত বিভাগ

বাংলাভাষাতে একটি প্রবাদ আছে - "ভাবিয়া করিও কাজ, করিয়া ভাবিও না।" অর্থাৎ কাজ করার পূর্বে সে বিষয়ে যথেষ্ট চিন্তাভাবনা করা উচিৎ, হঠাৎ কোনো কাজ করা উচিৎ নয়। কাজ করার আগে 'প্ল্যান' করতে হয় এবং সেই প্ল্যানমাফিক এগোতে হয় তাহলে সেই কাজটি 'সাক্সেসফুল' হয়; অন্যথায়, হঠাৎ কোনো কাজ সম্পন্ন করলে বা যথেষ্ট চিন্তাভাবনা না করে কাজে এগোলে তা ব্যর্থতায় পর্যবসিত হয়। অধিকন্তু অনেক সময় তা ভবিষ্যৎ অনুতাপের কারণ হয়ে ওঠে। আমরা কমবেশী সকলেই এইরকম কাজকর্মের সাক্ষী তা বলার অপেক্ষা রাখে না। ভেবেচিন্তে কাজ করলে বা সিদ্ধান্ত নিলে তা অর্থ, যশ, মান-সম্মান সবকিছু এনে দেয় অপরপক্ষে অস্থিরচিত্তে মনগড়া কাজ করলে তা অনেক সময় চরম সর্বনাশের কারণ হয়। এরকমই একটি ঘটনা নিম্নে তুলে ধরা হল –

পুরাকালে ভারতবর্ষের উত্তর-পশ্চিমাঞ্চলে আনন্দপুর নামে এক গ্রাম ছিল। সেখানে শ্রীধর নামে এক নৈষ্ঠিক পণ্ডিত বাস করতেন। তার সুশীলা নামে এক রূপবতী ও গুণবতী পত্নী ছিল। কিছুদিন পর তাদের একটি পুত্র জন্মাল। শ্রীধর পুত্রের ভাগ্যবিচার করে দেখলেন এ ভবিষ্যতে অসাধারণ মণীষা, প্রজ্ঞা ও খ্যাতির অধিকারী হবে ও সূর্যের মতো তার দীপ্তি পৃথিবীতে ছড়িয়ে পড়বে। তাই তিনি নাম রাখলেন ভারবি।

ভারবি দিনে দিনে বাড়তে থাকে কিন্তু তার বিদ্যা ও জ্ঞান যেন বয়সের চেয়েও দ্রুতহারে বাড়তে থাকে। সে মুখে মুখে শ্লোক রচনা করতে পারে আবার সেই শ্লোক রস, ছন্দ ও অলংকারে সমৃদ্ধ। প্রতিবেশীরা সেই শ্লোক শুনে অত্যন্ত আনন্দিত হয়। মাতা-পিতা এতে অত্যন্ত আনন্দিত হয়ে ভারবির বিবাহের ব্যবস্থা করলেন। পরিশেষে চন্দ্রকীর্তির কন্যা রসিকার সাথে তার বিবাহ হয়।

তখনকার দিনে একমাত্র রাজসভায় কবি-পণ্ডিতদের চাকুরী মিলতো। তারজন্য সামাজিক পরিচিতি দরকার। তাই সামাজিক অনুষ্ঠানে তিনি কবিপ্রতিভা দেখাতে লাগলেন এবং

তার প্রতি জনগণের শ্রদ্ধা ও বিশ্বাস বাড়তে থাকে। কিন্তু সমাজে তার পরিচিতি যতই বাড়তে থাকে পিতা ততই তার নিন্দা করতে থাকে, তার দোষ-ত্রুটি তুলে ধরতে থাকে। একদিন ভারবির সহ্যের সীমা ছাড়িয়ে গেলে সে রাগে ক্ষোভে দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে পিতাকে হত্যা করবে বলে মনস্থির করে।

একদিন পূর্ণিমার রাত্রিতে চারিদিকে চন্দ্রের শুভ্রজ্যোৎস্না ঝলমল করছে যেন রাত্রির শোভা বাড়িয়ে দিচ্ছে। কিন্তু এদিকে ভারবির মনে অমাবস্যার ঘনঘটা অন্ধকার। সে আজকের রাত্রিতে পিতাকে হত্যা করবে বলে মনস্থির করেছে। সে পিতামাতার শোবার ঘরের দরজার বাইরে অপেক্ষা করতে লাগল। এমন সময় ঘরের ভিতর তার পিতা মাতাকে বলছেন – আজকের জ্যোৎস্নামণ্ডিত রাত্রির চেয়েও আমাদের ভারবির বুদ্ধি বেশী স্বচ্ছ। মাতাও স্বামীর মুখে পুত্রের এমন প্রশংসা শুনে অবাক। কেননা তার স্বামী সবসময় পুত্রের কবিত্বশক্তির নিন্দাই করেছেন। আজ এমন প্রশংসা শুনে অবাক হওয়ারই কথা। তার কারণ হিসাবে ভারবির পিতা তার পত্নীকে বলছেন – আমি যদি ভারবির প্রশংসা করি তাহলে তার মনে অহংকার জন্মাবে ফলে তার অবনতি ঘটবে সেজন্যই আমি তার নিন্দা করে তার বুদ্ধিকে আরও নির্মল করি।

পিতার মুখে এমন কথা শুনে ভারবি লজ্জায় অনুতাপে মর্মাহত হয়ে তার দুষ্ট অভিপ্রায়ের কথা পিতাকে জানালেন এবং প্রায়শ্চিত্তের বিধান চাইলেন। পিতা পুত্রের কথায় সন্তুষ্ট হয়ে তাকে একবছরের জন্য শ্বশুরবাড়িতে থেকে সাধারণ ভৃত্যের মতো গো-পরিচর্যা করার আদেশ দিলেন।

পিতার আদেশানুসারে ভারবি পত্নীকে সাথে নিয়ে শ্বশুরবাড়িতে গিয়ে গো পরিচর্যার কাজ শুরু করলেন। তিনি গোয়ালঘরে থেকে সাধারণ ভৃত্যের মতো খাবার খেয়ে গো-পরিচর্যা করে কাল অতিবাহিত করতে লাগলেন। একদিন অভাব-অনটন সহ্য করতে না পেরে ভারবি একটি পাতায় একটি শ্লোক লিখে তার স্ত্রীকে দিয়ে বাজারে বিক্রি করতে পাঠালেন। বর্ধমান নামক এক বণিকের পত্নী সেই শ্লোকটি কিনে নিলেন|

বণিকপত্নীর অনেক ধন-দৌলত, অর্থসম্পত্তি থাকা সত্ত্বেও সুখশান্তি ছিল না। সুদীর্ঘ পনের বছর আগে তার স্বামী ব্যবসা বাণিজ্য করতে গিয়ে আর ফিরে আসেন নি এবং তার কোনোরকম সংবাদ পাওয়া যায়নি। তাই বণিকপত্নী পনের বছরের একমাত্র পুত্র ও সাহিত্যচর্চার মাধ্যমেই সময় অতিবাহিত করেন। তিনি ঐ শ্লোকটি নিজের শয্যার পাশে সুন্দরভাবে স্বর্ণাক্ষরে সযত্নে লিখে রেখেছিলেন|

কিছুকাল পরে সেই বণিক ঘটনাচক্রে মধ্যরাত্রিতে নিজের বাড়িতে উপস্থিত হলেন। তিনি এসে দেখলেন তার পত্নী ও এক সুদর্শন যুবক একই শয্যায় ঘুমোচ্ছেন। তিনি তো রেগে অগ্নিশর্মা হয়ে দুজনকেই হত্যা করবেন বলে স্থির করলেন। এমন সময় তার দৃষ্টি পড়ল শয্যার পাশে সযত্নে রক্ষিত শ্লোকটির উপর। সেই শ্লোকের শেষ পাদটি হল – "সহসা বিদধীত ক্রিয়ামবিবেক পরমাপদাং পদম্॥" – অর্থাৎ হঠাৎ কোনো কাজ করা উচিৎ নয়, অবিবেক হল সমস্ত বিপদের মূল। বণিক ক্রোধ শান্ত করে তার ঘুমন্ত পত্নীকে জাগিয়ে তুললেন। বণিকপত্নী তো এতদিন পর স্বামীকে ফিরে পেয়ে আনন্দে আত্মহারা হয়ে কি করবেন খুঁজে না পেয়ে পুত্রকে ঘুম থেকে জাগালেন। এবং বললেন - দেখো দেখো তোমার পিতা ফিরে এসেছেন। তিনি স্বামীকেও বললেন - দেখো তোমার ছেলে কত বড় হয়েছে, তুমি যখন বিদেশে গিয়েছিলে তখন সে আমার গর্ভে ছিল।

বণিক তো সব শুনে অত্যন্ত আনন্দিত হলেন। অবশেষে পুত্রের মস্তক চুম্বন করে তাকে আশীর্বাদ করলেন। তিনি মনে মনে ভাবলেন যে আজ কতবড় সর্বনাশ করতে যাচ্ছিলেন। পরে তিনি জিজ্ঞাসা করলেন ঐ শ্লোকটি কোথা থেকে পেল? ঐ শ্লোকটি আজকে আমাকে চরম সর্বনাশের হাত থেকে বাঁচিয়ে দিয়েছে। বণিকপত্নী তখন বললেন – ভারবি নামে এক ব্যক্তির কাছ থেকে আমি ঐ শ্লোকটি কিনেছি। তখন তার ভারবির কাছে গিয়ে তাকে প্রচুর ধনসম্পদ দান করলেন। ভারবি গো পরিচর্যা করার সময় অনেক শ্লোক লিখে রাখতেন এবং শ্লোকগুলিকে একত্রিত করে কিরাতোর্জুনীয়ম্ নামে এক মহাকাব্য রচনা করেছিলেন। তারপর একবছর অতিক্রান্ত হলে ভারবি নিজগৃহে ফিরলেন এবং সঙ্গে নিয়ে এলেন বণিকের দেওয়া প্রচুর ধনসম্পদ ও কিরাতোর্জুনীয়ম্ নামক এক অনবদ্য মহাকাব্য।

## আমরা নারী, আমরা পারি

তৃণা গুপ্ত
ইংরেজি বিভাগ (প্রথম বর্ষ)

'নারী' শব্দটির ব্যবহার দুর্বলতার প্রতীকরূপে এটা বললেও খুব একটা ভুল হবে না। কারণ প্রাচীনকাল থেকে আমরা নারী শব্দের অর্থ হিসেবে এটাই জেনে এসেছি। কারন সমাজের চোখে নারীরা দুর্বল, অসহায়, পরনির্ভরশীল এসব হিসাবেই পরিচিত। তাই সমাজ-ই তাঁকে বানিয়েছে দুর্বলতার প্রতীক, যা আমরা বিভিন্ন প্রাচীন গ্রন্থাদির মাধ্যমে জেনে আসছি। সৃষ্টির আদিকাল থেকে যখন আমরা মানবজাতির সম্পর্কে জানতে পেরেছি ঠিক তখন থেকেই নারীজাতি যে দুর্বল-অসহায়-ভীত-পরনির্ভরশীল এই কথাগুলোর সঙ্গেও সমভাবে পরিচিত হয়ে আসছি। কিন্তু তা বলে যে আমরা নারী জাতির সাহসিকতার পরিচয় পায়নি তেমন নয়, এই সাহসিকতা যেন বারবার নারীজাতির অসহায়তা দুর্বলতার আড়ালে ঢাকা পড়ে গেছে।

তাঁরা যতটা না দুর্বল, যতটা না অসহায়, তার থেকেও বেশি অসহায়, দুর্বল; সমাজ তাকে করে দিয়েছে। তাই নারীশক্তি বারবার সমাজের অন্ধকারের মধ্যেই বাধা পড়ে গেছে। প্রাচীনকালে তাঁদেরকে শিকার হতে হয়েছে বাল্যবিবাহ, বহুবিবাহ, সতীদাহপ্রথা প্রভৃতির। নারী সমাজ বারবার চেয়েছে এই সমস্ত কিছু ভেদ করে আলোর জগতে পৌঁছাতে, মাথা উঁচু করে বাঁচতে। নারীসমাজকে অন্ধকার থেকে আলোর জগতে উন্নীত করার চেষ্টা যে শুধুমাত্র নারীজাতির একার ছিল তা নয়, অনেক মহাপুরুষ যেমন 'রাজা রামমোহন রায়', 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' – এছাড়া বিভিন্ন কবি সাহিত্যিক, তাদের লেখনীর মাধ্যমে এবং ইংরেজ সাহেবরাও এই চেষ্টাতে সামিল হয়েছিলেন। তাঁরাও চেষ্টা করেছিলেন নারীজাতিকে সমস্ত ধরনের অসহায়তা দুর্বলতা থেকে মুক্ত করে স্বাধীন ভাবে, আত্মনির্ভরশীল ভাবে বাঁচার সুযোগ করে দিতে। তাদের এই প্রচেষ্টা সেইকালে বেশির ভাগ অংশে অসফল হলেও, সফল হওয়ার বীজবপন করে দিয়ে যেতে পেরেছিলেন। সেই সময়ে নারীসমাজের মধ্যে শিক্ষার প্রচলন পুরোপুরি না থাকায় তাদের এই প্রচেষ্টা সম্পূর্ণ হয়নি।

কিন্তু এতো গেল আদিকালের কথা; সেই কালে নারী শব্দের অর্থ তৈরি করা হয়েছিল 'দুর্বলতার প্রতীক'। কিন্তু বর্তমানে আধুনিক যুগে দাঁড়িয়ে এই কথাটি সম্পূর্ণ বেমানান এবং হাস্যকর। বর্তমানে নারী শব্দের অর্থ হল 'শক্তির প্রতীক'। বর্তমানে নারীজাতি মানে হল সেই জাতি, যে সমস্ত অসম্ভবকে সম্ভব করতে পারে, যে সমস্ত ধরনের যন্ত্রণা দুঃখ অভিযোগ লুকিয়ে নিজেকে হাসিমুখে উপস্থাপন করতে পারে, যার মধ্যে প্রতিভার কোন অন্ত নেই। একজন নারী বিভিন্নরূপে – কখনও মা হিসেবে, কখনও মেয়ে হিসেবে, কখনও স্ত্রী হিসেবে – একদিকে যেমন তার পরিবারকে রক্ষা করতে পারে ঠিক তেমনি সে একই সাথে তার কর্মক্ষেত্রেও সমভাবে বিচরণ করতে পারে। পৃথিবীর সর্বত্রই নারীজাতির বিচরণ – মাউন্ট এভারেস্ট থেকে শুরু করে ইংলিশ চ্যানেল পার – সর্বক্ষেত্রেই মহীয়সী সব নারীদের নাম উজ্জ্বল নক্ষত্রের মতো বিদ্যমান, এমন কি মহাকাশেও তাদের বিচরণ হয়েছে। বর্তমানে নারীজাতি আর কোন কিছুতেই পুরুষদের থেকে পিছিয়ে নয়; আবার পুরুষদের সমান বললেও নারীজাতিকে একটু ছোট করা হবে কারণ তাদের স্থান পুরুষদের থেকে অনেকটা উঁচুতে, এটা বলার কারণ নারীরা যেটা অর্জন করে সেটা তাদেরকে অনেক লড়াইয়ের মাধ্যমে পেতে হয়, এখনো অনেক প্রতিবন্ধকতা তাদের অগ্রগতির পথে বাধা হয়ে দাঁড়ায়। কিন্তু বর্তমান যুগে নারীরা এই প্রতিবন্ধকতাকে আর সহ্য করেন না, তাঁরাও প্রতিবাদ করে এবং প্রতিবাদের মাধ্যমে তাঁরা তাঁদের সমস্ত প্রতিবন্ধকতাকে তুচ্ছ করে নিজের লক্ষ্যে এগিয়ে যায়। অনেকক্ষেত্রে তাদের অগ্রগতির পথে তাদের নিজেদের পরিবারও বাধা হয়ে দাঁড়ায়, কিন্তু তবুও তাঁরা থামতে শেখেননি। সংসারের কাজ সামলে নিজের ইচ্ছাকে নিজের লক্ষ্যকে সামনে রেখে সে এগিয়ে চলেছে। কোন প্রকার ক্লান্তি তাকে স্পর্শ করতে পারেনি। বর্তমানে সংবাদপত্রের পাতা ওল্টালেই, টেলিভিশনের পর্দায় চোখ রাখলেই আমাদের সামনে ভেসে ওঠে নারীদের সাহসিকতার পরিচয়, বিভিন্ন প্রতিবন্ধকতাকে জয় করে তাদের এগিয়ে যাওয়ার পরিচয় – যা পরবর্তী প্রজন্মের নারীর অগ্রগতিতে সাহায্য করে।

যে নারীজাতিকে এক সময় সমাজের দুর্বল শ্রেণি বলে বিদ্রুপ করা হতো ছোট করা হত তাঁরা এখন হয়ে উঠেছে পরিবারের গর্ব, রাজ্যের গর্ব, দেশের গর্ব এমন কি পৃথিবীরও গর্ব। নানা লড়াইয়ের মাধ্যমে বিভিন্ন প্রতিবন্ধকতাকে দূরে সরিয়ে দিয়ে নারীদের নিয়ে প্রচলিত

ভুলধারণাকে বদলে দিয়ে সে আজ প্রমাণ করে দিয়েছে যে সে দুর্বল নয়, সেও পারে নিজের ইচ্ছাশক্তির দ্বারা বিভিন্ন বাধা পার হয়ে নিজেকে প্রতিষ্ঠিত করতে, নিজেই নিজের বাঁচার রসদ জোগাড় করতে। তার জন্ম শুধুমাত্র চারদেয়ালের গন্ডির মধ্যে আবদ্ধ থাকার জন্য নয়, সেও পারে নিজের প্রতিভার দ্বারা দেশ ও দশকে গর্বিত করতে। তাই আজ বর্তমান সরকারও নারীজাতির অগ্রগতির জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন তাঁদের জন্য চালু করেছেন বিভিন্ন সুযোগ-সুবিধা। প্রবল ইচ্ছাশক্তি আর চেষ্টা থাকলে যে কোন কিছুই অসম্ভব নয় তা নারীরা প্রতিটা পর্যায়ে বিভিন্নভাবে প্রমাণ করে দিয়েছেন। আজ এই ২০২১ সালে দাঁড়িয়ে সমগ্র নারীজাতির মন্ত্র একটাই – “আমরা নারী, আমরা পারি”।

নারীজাতির সাহসিকতার অন্ত নেই। নারী জাতি নিয়ে তার প্রতিভা নিয়ে যতই বলি না কেন সেটা খুব কম বলা হবে।

# EPIPHANY

Prabhat Ghoshal

English Honours (Semester-II)

When the world will see I am not there,
My prayers will remain more and more enlightened.
Then the earth will be full of water and life comes anew.
The old will appear in the house of history,
The blooms will come again.
The smell of mine will arrive with a smile;
My feet will be there to show my pride
I shall become a new man atlast.

## আত্মপ্রকাশ

**দীপঙ্কর ধাড়া**
শিক্ষক (বাংলা বিভাগ)

আমি দেখেছি,
নিরবচ্ছিন্ন মৃত্যুর কাছাকাছি এসে,
প্রেমান্ধ বিশ্ব;
ভালোবাসা খোঁজে -
ভালো-বাসার স্বার্থে ;
এ পৃথিবীর সমস্ত প্রতিশ্রুতি -
ভৈরবী বিধ্বংসী।
যেখানে অধিকার নেই,
সেখানে বিদ্রোহ;
যেখানে বিদ্রোহ,
সেখানে ব্যরিকেড হয় বাইশ বছরের স্বপ্ন।
শুধু বলেছিলেম,
তোমাদের 'অনামিকা আঙ্গুলের পূর্ণতা দেওয়ার মানুষ হবো।'
প্রয়োজন হয়েছি বহুবার...
আর প্রিয়জন...?
প্রিয়জনও হয়েছি -
যতক্ষণ থাকে ঘাসের উপর শিশিরবিন্দুর স্থায়ীত্ব।
লক্ষজনের মাঝে একমাত্র লক্ষ্য তো হতে চাইনি,
শুধু চেয়েছি-
রংধনু সিঁড়ি বেয়ে,
শূন্য আকাশে হাঁটব খালিপায়ে।
আর তারপর...?
তারপর, স্লেটরঙের মেঘে ভিজবো শুধু একা,
ভিজবো শুধু একা, শুধুই একা।

# Relevance of Indian Philosophy in the Present context

Ziaur Rahman
Assistant Professor
Department of Philosophy

What is philosophy? We think it is really a puzzling question. The answer of this question might be a good instance of philosophy. We think this is one of the prime differences between philosophy and other branches of study. Aristotle gave answer of the question as "Philosophy is a science which discovers the real nature of supernatural elements". According to L. Wittgenstein the answer of the question is, one of the greatest philosophers of western philosophy, that "The object of philosophy is the logical clarification of thought. Philosophy is not a theory but an activity." In the context of Indian Philosophy we use the word '*Darsana'* as synonym of 'Philosophy', which signifies the meaning of '*Tattva darsana'* or 'knowing the reality'. Humans are rational being and thirst for knowledge springs from the very nature of them. Philosophy is an attempt to quench that excellent thirst.

In present time philosophy in the west has number of branches, viz., Metaphysics, ethics, logic, epistemology, psychology, aesthetics, etc. but in Indian philosophy we can't see this type of rigid classification. Instead, we can witness that the problems discussed in the western philosophy are not ignored in Indian philosophy; rather they have been discussed in a synthetic manner. Nevertheless conclusions of different discussions have striking similarities, yet the methods of discussions are not very much similar. In Indian philosophy, cultivation of philosophy is for the betterment of life- to minimize the misery and to maximize the bliss. In order to do that, we need to know the actual reality, i.e., '*Tattva darsana'*. Therefore, knowledge is the central point of discussion here. And each school of Indian philosophy has their distinct method

for the discussion. But the aim of them is the same, i.e., *Moksha or Mukti or Nirvana or Kama.*

One of the prime features of Indian philosophy is that there are number of opposite views, even contradictory in some cases, yet they have been prospered side by side. As well as the method of discussion is very unique here in Indian philosophy, i.e**.,** *purvapakhsa upasthapana, purvapakhsa khandana* and then *Siddhanta*. The beauty of this method lies in the understanding of the view opponent, i.e., *purvapakhsa***.** Because without having any clear understanding , of the view of the opponent, if one goes to criticize the view then he/she can expose only his/her ignorance to the masses and present himself/herself as a clown. If he/she doesn't have any respect, even self respect, then he/she may present himself/herself as a dictator. On the other hand understanding of the views of the opponents earns the respect from the opponents and emerges the same for the opponent. Moreover, it paves the way for discovering the Truth-the Reality-or *Tattva.* If we look deeply into the affairs of our daily life, then we should easily realize that there is a notable lack of that method. Intolerance, suppression of the views of the opponent, dictatorship are few of the burning problems of the present time. That's why distance is emerging between the family members, between the colleagues, between the co-citizens and of course that of between the leaders of the nations. If we make ourselves ready to use this method in our every day affairs, much of the problems will be erased. The Truth should be established in each of our activities. Only then the misery will be minimized and bliss will prevail.

The emergence of Indian philosophy was not only for the mere intellectual satisfaction but for the upliftment of life. And for a long time Indian peninsula has been a generous abode of the people of different faith and practice. For that reason we can see there are hard orthodox schools of philosophy like *Mimansa* and *Vedanta*, some soft orthodox schools like *Nyaya,*

*Vaisesika*, and also some atheist school, for whom Vedas have no *Pramanya* or authenticity, like *Jaina* and *Buddhist* schools. At the same time we can see there is materialist school of philosophy –*Carvaka.* Due to the simplicity and beautiful way of expression their views became very popular among the masses. For that reason they got that name, their views are also known as 'view of the people' or '*Lokayata Darsana".* They have raised tough logical questions against the monopoly of orthodoxy. They have raised the fundamental question that how did know the things on which empire of orthodoxy is build? *Anumana, Upamana, Sabda* etc. are not the valid source of knowledge. Only perception or *Pratyaksha* is the only source of knowledge on which we can rely as the valid source of knowledge, at least in a part. And by perception we can't obtain the knowledge of those supernatural entities. This objection was neither simply overlooked by the opponents, nor they have been forced to stop asking such type of questions which are shaking the base of their orthodox empire. But they have tired with their utmost effort to refute it logically by critical thinking. Critical thinking is one of the prime features of Indian philosophy. Lack of this feature, in any space and time, can throw any civilized society into the garbage. "The idea of Plato that philosophers must be the ruler and director of society is practiced in India. The ultimate truth and truth of spirit and in light of them actual life has to be refined"- S.P. Radhakrishnan remarks on the beauty of Indian philosophy.

Not only its method, but its contents too might be a very useful tool for the eradication of social evils. The aim of Indian philosophy is the realization of the Truth or *Tattva darsana.* Who got that realization is known as *Mukta* or liberated person- which is the ultimate goal of human life. One can't attain *Moksha or Nirvana* unless he obtained the proper knowledge of things. In every school, of Indian philosophy, admit that, though they have sticking differences on the views regarding the way of knowledge or *Pramana*. In order to be

liberated one must obtain the knowledge of eternal and non-eternal, i.e., *Nityanitya vastu viveka*. For example, according to *Vedantist* school of philosophy, a liberated person realizes that he is Brahman and all mundane creations are not separate from him, none of the mundane things has actual reality they are nothing but product of illusion or *Addhyasa.* If one comes to know that the universe is nothing but mere appearance, then should he/she indulge himself/herself any unfair means to get them? Rather he/she would be unaffected to the appeared misery and happiness.

Therefore, we can conclude at the end by saying that the cultivation of Indian philosophy in the present scenario is very important. But its mere study can't bear any utility and significance unless it is practiced- as it is true in case of every science and technology.

**A poem for all fathers and mothers**

Kakoli Singha
Department of English (Semester-II)

I know what pain is now as I stand on my feet
I was once under the shade of your love, the world unknown to me.
When did I grow up?
The kajal and cream like everything else remained the same.
I do not find my old face. I have changed.
But mother, I am still your child!
Father is my life support, my sky which lulls me to sleep.
As I grow up, I realise that it is for father and mother
that the world runs as it should.
It is for them that I, we, exist.



**LOVE**

Kakoli Singha

I don’t want to, but I must.
Start anew, with no one to trust.
You are now gone,
Probably will never come back.
Happiness and love are what I now seem to lack.

Help me from heaven!
Guide me to start anew.
I really don’t know where to begin
I don’t know what to do.

I hate to live without you here.
Why did you have to die?
Now that you don’t even speak to me,
Must I say goodbye?

**The Beauty of Nature**

Rahul Karmakar
Department of English (Semester-II)

Nature is a unique gift of god. We can never appreciate it enough. God himself has returned to the earth through nature. Poets have discussed nature in many of their works. Driven by his love for nature, Rabindranath Tagore established his ashram in Santiniketan. Jibanananda Das had also written beautiful poems celebrating nature such as Rupashi Bangla. I am no great poet but I also happen to love and admire nature.

Today I will talk about a wonderful place which is very close to my heart. The place is known as Patrasayer Maa Basantachanditala where one can see a temple close to a pond and a huge lush green field. Children of the village come to play there every day while the elders come for walk in the morning. In the temple, epics like Ramayana and Mahabharata are read every afternoon which enhances the subtle beauty of the place. The view of the sunset over there is breathtakingly gorgeous. The place appears to me as a dream world where one can find beauty and peace at its best.



## বৃষ্টি পড়ে

অমৃত সরকার
দর্শন বিভাগ (স্টেট এডেড কলেজ টিচার)

রিম ঝিম ঝিম বৃষ্টি পড়ে
ধরণীর এই প্রান্তরে।
আমার তোমায় মনে পড়ে
তাই ডাকছি অঝোরে।।
ডাক দিয়েছে আলতো বাতাস
আমার মনের অন্তরে।
তাইতো আমি ভাবছি বসে
গোপন ঘরের অন্দরে।।
সুজন পাখি ডাকছে আমায়
খেলবি যদি আয়।
আমি কিন্তু ভয় পেয়েছি
উড়েই যদি যায়।।
নীলআকাশে সুজন পাখি
গাছের ডালে বসে।
উপর থেকে ডাকছে আমায়
তার হৃদয় কষে।।
রঙিন মেঘের হালকা পরশ
পেতেই যদি চাও।
মাটির প্রেমের ঐ পাত্র
ভরিয়ে তুমি দাও।।
মেঘবৃষ্টির দোলাচলে
হারিয়ে গেল বাতাস।
তাইতো আমি ছড়িয়ে দিলাম
আমার প্রণয়ের সুবাস।।

## পাত্রসায়ের কলেজ

**জয়দেব মুর্মু**
ফিলোজফি অনার্স (ষষ্ঠ সেমেস্টার)

পাত্রসায়ের কলেজটি আমাদের
সবুজ পাতায় ঘেরা,
তাই পাত্রসায়ের কলেজটি আমার
সব থেকে লাগে সেরা।
পাত্রসায়ের কলেজে আমি
'দর্শন' বিভাগে পড়ি,
এখানেতে অনেক বিষয়ের শিক্ষাগ্রহণ করি।
শিক্ষক-শিক্ষিকা আমাদেরকে
করেন শিক্ষাদান,
তাই আমাদের সকলের উচিত সর্বদা শ্রদ্ধা প্রদান।
পাত্রসায়ের কলেজে পড়ার সুযোগ
হয়তো পাবো না আর কোনোদিন,
তাই এই কলেজের কৃতজ্ঞতা ভুলব না কোনোদিন।



# নারী

**শতাব্দী পান**

ইংরাজি বিভাগ ( সেমেস্টার-II )



হে নারী !
তুমি মহীয়সী, স্বয়ংসিদ্ধা,
কখনও তুমি মাতৃরূপিনী, কখনও ভগ্নীরূপী
কখনও তুমি বন্ধুরূপিনী, কখনও খড়্গাধারিনী
কারন তুমি যে নারী !

তুমি অপরুপা তোমার গুণময়ী রূপে
তুমি সমৃদ্ধশীল তোমার ভালোবাসার জোয়ারে
তুমি কল্পনাবিলাসী তোমার সখের সংসারে।
মায়া, মমতা, করুণাধারায় তুমি পরিপূর্ণ
তবুও কেন তোমার সম্মানের ঘটে এতটা অপূর্ণ?
কারন তুমি যে নারী !

এ জগতে সবকিছুই আবদ্ধ তোমার প্রেমের শৃঙ্খলে
তুমি-ই তো তোমার মমতার মায়াজালে সংসারকে বেঁধেছ একই সুতোর বাঁধনে
হে নারী তুমি-ই তো অন্নপূর্ণা, স্নেহময়ী মা
তবুও কেন তোমার জন্য এত লাঞ্ছনা, এত অবমাননা?
কাল, মহাকাল সবাই নত তোমার পদতলে
কারণ তুমি যে নারী !

সীমাহীন ধৈর্য, সহ্যের প্রতীক রূপে তুমি বিরাজিত
সমস্ত অসাধ্য সাধনও তোমার দ্বারাই সংকল্পিত
তবুও সেই তোমার স্থান পুরুষের পরে কারণ
তুমি তাদের চোখে অবলা, দুর্বল
কারণ তুমি যে নারী !

# ফিরে দেখা

শান্তিময় ঘোষ (স্টেট এডেড কলেজ টিচার)
দর্শন বিভাগ

প্রবল বৃষ্টির সাথে ঝোড়ো হাওয়া, ঘন মেঘে চারিদিক অন্ধকার ঘনিয়ে এসেছে। ঘড়ির কাঁটা তখনও দুটো বেজে পঁয়তাল্লিশ মিনিট। বইয়ের পাতা থেকে জানালার দিকে চোখ ফেরাতেই ঝমঝম বৃষ্টি ও ঝোড়ো হাওয়ায় রথীনের চোখ বন্ধ হয়ে আসলো। হঠাৎ তার কানে এসে বাজলো কয়েকটা ঘন্টার আওয়াজ... ঢং ঢং ঢং ঢং।

টিফিনের ঘন্টা পড়তেই তার বন্ধুদের সাথে হৈ হুল্লোড় ঠেলাঠেলি করতে করতে ক্লাস রুম থেকে টিফিন হাতে নিয়ে বেরিয়ে পড়ল। এরপর সে বন্ধুদের সাথে নিয়ে ছুটে গিয়ে বসলো স্কুলের বারান্দায়। ছটফটে রথীন ও তার সঙ্গী সাথীরা একে অপরের টিফিন টানাটানি করে কেড়ে খেতে লাগলো। খাবার শেষ করে সকলে উঠে যাবার পরও রথীন হাতে খালি টিফিন নিয়ে বাকি বন্ধুদের নীরবে দেখতে লাগলো...

কেউ কেউ অবাধে ছোটাছুটি করে চলেছে বৃষ্টিতে, কেউবা একটু জলের কলে লাইনে দাঁড়িয়ে মারামারি শুরু করে দিয়েছে কেউবা স্যারের বকুনি খেয়ে ছুটে চলেছে অন্যদিকে, কেউবা আবার বই হাতে নিয়ে নিজের কাজে ব্যস্ত। এসব সাদা নীল পোশাকের ভিড়ে সে যেন মেঘের খেলা দেখতে পাচ্ছে। মেঘ যেমন স্বাধীনভাবে এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ছুটে বেড়ায়, তার সঙ্গী সাথীরাও ঠিক যেন তেমন। টিফিনের সময় শেষ হতেই সকল ছেলে মেয়ে নিজ নিজ ক্লাসের দিকে চলে গেল। এদিকে রথীনও ঢুকে পড়ল তার ক্লাসে।

ক্লাসে সকল বন্ধুদের নিয়ে আবারও হৈ চৈ এ মাতলো রথীন কিন্তু কিছুক্ষণ পরেই সবকিছু স্তব্ধ হয়ে গেল সারের উপস্থিতির কারণে। স্যারের শাসন ও অন্যদিকে স্যারের স্নেহ আদরে ভরে উঠলো ক্লাস। স্যারের সাথে যেন তাদের আত্মিক টান, স্যারের পড়ানোর আদব-কায়দা, অঙ্গভঙ্গি সবকিছুতেই যেন তাদের পড়ার বেশিরভাগ অংশই জানা হয়ে ওঠে। স্যারের দেওয়া ঘরের কাজ গুলিও তারা সম্পূর্ণ করে এনে একের পর এক দেখাতে আগ্রহী হয়ে

ওঠে। হঠাৎ করে তার কানে কিছু একটা শব্দ ভেসে আসতেই সে চোখ ফেরাতেই দেখে রুমের দরজা দিয়ে কেউ একজন এসে বলছে.. তিনটে বেজে গেল। কই এই ওষুধটা খেয়ে নে দেখি বাপু। আর পারছিনা... ! কাল তো তোর ছুটি হয়ে যাবে কিন্তু কখন যে আমার ছুটি হবে কে জানে ! সারাদিন ছোটাছুটি করে ক্লান্ত শরীর আর বয়ে বেড়াতে পারছিনা।

এদিকে তার মনে পড়ে যায় অনলাইন ক্লাসের কথা তাই ওষুধটা তাড়াতাড়ি খেয়ে সে নীরব মনে স্যারের দেওয়া লিঙ্কে গিয়ে ক্লাসে যুক্ত হলো। ক্লাসে যুক্ত হতেই তার উপস্থিতি স্যারের নজর কাড়লো। গত ২৫ দিন ধরে কোভিড আক্রান্ত হওয়ার পর আজ সে পুরোপুরি সুস্থ এখন শুধু বাড়ি ফেরার অপেক্ষায়। বাড়ি ফেরার আনন্দ থাকা সত্বেও কল্পনার জগতে ক্ষণিকের জন্য ভেসে ওঠা স্কুল জীবনের ফেলে আসা স্মৃতি গুলির কথা মনে করতেই তার চোখের কোণে জল এসে গেল। এত আনন্দের মাঝেও তার মন ভারাক্রান্ত হয়ে উঠলো।



**Dreams on the way**

Tanusree Ghosh
Department of English (Semester-VI)

I can't count how many dreams are there in my entire world.
It seems like the glittering stars in the sky.

I can't really figure out at times, how much I am gnarled
that it drives me to reach to the dreams so high.

I can't seem to wait too long for the fulfilment of my dreams
I try to protect them thus, lest they be washed away in streams.

I wish to run to them with my bubbling enthusiasm,
But I do meet finally the wall of realism.

I might fall in my climbs upon the clouds of dream,
But I know finally I will shine in pride and my self-esteem.

**Time of Life**

Rajat Manik

Department of English (Semester-VI)

The greatest operator of the life, time,
leads our destiny.
It seems so easy at times to see it pass silently.
We fail to understand how much in its flow it affects us.
Time does not give anyone a second chance,
And like a quiet evening fades away slowly.
Before one can really get a grip of it,
It is gone forever.
It is the story of everyone with whom time plays its own game.
One must catch it and fly to the pinnacle of life.

# LOCKDOWN

Prajnaparamita Das
Department of English (Semester-II)

We had no idea that Samiran had a pet dog. But such things cannot be suppressed. Somehow he had managed to keep the news from everyone as nobody had seen his dog. However, one day as he was buying cuttings from the meat shop which is an usual feed for the dogs and Manik caught him red handed.

'You're buying that! You have a dog then!'

'Yes, I mean a little one.'

'Alright, little is it? Which breed?'

'eh, lab'.

'Damn it! How many days?'

'Not much, say ten months.'

' Oh boss! You are a guru of hiding!'

Samiran smiled, stepped forward and then looked back suddenly. He asked Manik, 'when is the dog show going to happen this year?'

Manik replied, 'As soon as the lockdown is over. Let the situation be a bit normal.'

Manik came to the club that afternoon and told us the whole story.

There is a 'Dog Lovers Association' in our neighbourhood. Every year there takes place a very grand dog show. Dog owners are rewarded on the basis of their dog's fur, habits, intelligence and how they have been trained. Labrador of Pradip Mondal has been the winner for the last three years and the bitterness between Pradip and Samiran has been well known. This could perhaps be the reason why Samiran was secretly training his pet to prepare for the war ahead. If Manik hadn't caught him that day, we would not have known about the dog before the show. However, Samiran asserted that in

terms of feeding, training and personality, his dog was unmatchable and therefore in the show would definitely be his trump card.

Finally the day of the show arrived. Colourful tents, popular guests including leaders, actors, ministers, police raged the area along with loud speakers playing rabindrasangit and the participating dogs barking together made a total chaos. Pradip was ready with his lab. The only person who could not be seen anywhere was Samiran. Pradip looked at and smiled, 'What the heck! What did you say? It's not so easy to fight against my dog.'

Manik and I hurried to Samiran's house on a bicycle and started knocking on the door-'Samiran...are you there? Samiran…where are you?' Suddenly, the dog started barking loud from the inside. We knocked again. The more we knocked, the more the dog barked but there was not response from Samiran. Finally I went to the garden behind while Manik continued calling him. Carefully crossing the bushes as I gently looked through the window backside, what I saw was just beyond imagination! To my utter disbelief, Samiran was sitting on a broken wooden chair and barking. The louder Manik was knocking on the door, the louder his barking got 'Vau…vau… vauvau…vau…vau.'

Then somehow softly I called from the other side of the window, 'Open the door Samiran, I am Bikash.' At first he stood up in shock and once he saw me, he lowered his head and slowly stepped towards the door. After entering the house, Manik started shouting at him, 'Its weird Samiran! How silly you are! In the name of petting a dog, you are posing as a dog and barking yourself.' As Manik was speaking to him, Samiran was silently sitting on the broken chair and sobbing. Manik stopped at one point but he didn't. He finally spoke.

Last may he had lost his job due to the lockdown and gradually his savings were also exhausted. For the last two months, his wife and their son were at her father's house. Listening to all this, Manik asked him, 'But I still don't understand why you did the drama about the dog?'

Samiran took Manik's hand in his own and cried out loud, 'You caught me with the cutting of meat that I was buying. My son had been longing to eat meat for a few days, that's why!"


Manik looked at me with frozen eyes, I hid my face.

## BUDDING JOURNALISTS FROM THE DEPARTMENT OF ENGLISH, PATRASAYER MAHAVIDYALAYA ON THEIR FIRST INTERVIEW WITH A YOUNG SOCIAL WORKER, *SUKANTA SANYAMAT*

***[Interview taken by Prabhat Ghoshal, Tanushree Tudu & Trina Gupta, Semester-II, English Dept.]***

**Q. Explain to us in your language what do you mean by socialwork?**
**ANS ::** Social work is a profession concerned with helping individuals, families, groups and communities to enhance their holistic well-being. It aims to help people develop their skills and their ability to use their resources and those of the community to resolve problems.

**Q. How can asocial worker help a Family?**
**ANS ::** Social workers support individuals and their families through difficult times and ensure that vulnerable people, both children and adults, are safeguarded from harm. Their role is to help improve people's lives. They also work closely with other professionals in health and social care.




**Q. How do I protect myself as a social worker?**
**ANS ::** I try to remain calm and respectful with the clients. I don't raise my voice. I speak to them in an understanding manner, but maintain my authority and firmness should the situation call for it. I do not let them know if I am scared.

**Q. What do you hope to archive as a social worker?**
**ANS ::** I want to help children to find right direction in their lives so that they may live better. That is what I want to accomplish in my job. I do not dream about big things. I hope to engage myself in the field of social research, helping practical social workers in their jobs with my findings and experience.



**Q. Why did you want to be a social worker?**

**ANS ::** The role of a social worker always attracted me and I was inspired to see them relieving people from their sufferings and fighting for social justice. Social workers set a great example for our commitment to mankind and I simply wanted to become a part of their journey.

**Q. Why social work is important in society?**

**ANS ::** Social workers help relieve people's suffering, fight for Justice, improve lives and communities. Most people think of social workers when they think of poverty alleviation and child welfares. Many social workers do that kind of work and also several other kinds to uplift human existence.

**Q. What do you expect to be doing on day-to-day basis as a social worker?**

**ANS ::** Day to day work involves assessing people's needs, strengths and wishes, working with individuals and families directly to help them make changes and solve problems, organize support, arranging for recommendation or referrals to other services and agencies while keeping detailed records.

**Q. Whatskills and qualities enabled you to do the Job of a social worker?**

**ANS ::** One needs listening skills, self-awareness, organizational skills, persuasive speech and patience. If you have most of the traits required for social work, it might be the right time for you to do it.



**Q. What is the ultimate aim of social work?**

**ANS ::** The ultimate goal of social work is to enhance the well -being and level of functioning for all people and to extend positive social change by improving social conditions and creating more humane practices and policies for vulnerable populations.

**Q. What do you think people expect from social workers?**

**ANS ::** Social workers give advice and support to vulnerable individuals for families, and those living



on the margins of society. They are responsible for helping people to get access to the services they need in order to improve their situation and well-being.

**Q. How do you balance your work and personal Life?**
**ANS ::** When workers are balanced and happy, they are more productive; they take fewer sick days, and are more likely to stay in their jobs. I manage both with proper planning.

**Q. Can you tell us your strengths and weaknesses as a social worker?**
**ANS ::** Good communications skills, understanding of the problems and an ability to solve conflicts and difficult situations with a cool head. My weakness is that I believe people very easily.



# সুখানুসন্ধানে মনঃ

ড. বিষ্ণুপ্রসাদ দাস
সংস্কৃত বিভাগ

**দুঃখস্য কারণম্ ঃ**

ত্রিতাপপ্রপীড়িতানাং শোকসন্তপ্তানাং উদভ্রান্ত উচ্ছৃঙ্খলানাং ব্যথিতচিত্তানাং দিগ্‌ভ্রষ্টানাং, মোহগ্রস্তাত্মনাং চ অনাদিকালতঃ অদ্যাবধি একা এব সমস্যা দুঃখস্যনিবৃত্তিঃ সুখস্যপ্রাপ্তিঃ চ। সুখদুঃখে মনসঃ ক্রিয়ারূপে নকোহপি পূর্ণতয়া সুখেন তিষ্ঠতি। দুঃখেন চ সর্বদা অভিভবতি। সর্বেষাং জীবনে সুখদুঃখয়োঃ সমাহারঃ বিদ্যতে। একস্য অভাবে অপরস্য অনুভবঃ ন ভবতি। পরন্তু আনন্দং খলু সুখদুঃখাভ্যাং ভিন্নম্। সাম্প্রতং সর্বে মানবাঃ স্বার্থমাধারীকৃত্য সর্বত্র সর্বদা সুখমিচ্ছন্তি। অতঃ সার্বকালিকংসুখার্থং ইচ্ছা এব দুঃখস্য কারণম্। তত্র স্বার্থপরায়ণাঃ জীবাঃ অহংত্ব মমত্বাদিভিঃ সংযুক্তাঃ আসক্ত্যা দুঃখং সুখরূপেন স্বীকূর্বন্তি। অর্থাৎ অবিদ্যয়া আসক্তি র্জায়তে। আসক্ত্যা জীবঃ কর্মনি অনুপ্রবিশতি। কর্মষু অভিনিবেশঃ অহঙ্কারাত্মিকাআসক্তিঃ চ কর্মপ্রবণতা সৃজনস্য কারণম্। কর্মফলসকাশত্ জীবঃ শরীরমাধারীকৃত্য বিবিধয়োনিমাপ্নোতি। মহাভারতে ভিস্মপর্বণিউক্তংযত্--

"অবশ্যমেবভোক্তব্যং প্রাপ্তং কর্ম শুভাশুভং।
না ভুক্তং ক্ষীয়তে কর্ম কল্পকোটী শতৈরপি।।"

অতঃ কর্মফলমেব শরীরং প্রতি কারণম্। বয়ং পূর্বস্মিন্ জন্মনি আহারনিদ্রাভয়মৈথুনাদিভিঃ বিনাহপি প্রাপ্তকর্মণা কীটাদারভ্য মনুষ্যং যাবত্ সর্বেষু যোনিষু সময়ানুসারেণ ভ্রমতি। অতঃ সদসত্ কর্মাণি অপি সুক্ষ্মশরীরমাধারীকৃত্য প্রারব্ধকর্ম নির্বহন্তি। এতেষু কর্মসু নিপত্য সুখং বিচিন্ত্য দুঃখং বিনাশয়িতুং প্রয়াসং কৃত্বা দুঃখেনসহ সানিধ্যাত্ দুঃখমেব প্রাপ্নোতি। অতঃ সুখস্য সানিধ্যেন সুখস্যবিতরণেন সুখস্য বৃদ্ধির্ভবতীতি নাস্ত্যত্রশঙ্কা। যদি দুঃখমায়াতি তর্হিঃ তস্যানুমোদনেন দুঃখস্য কষ্টপ্রদায়কং যত্ সামর্থ্যং তদেব বিনষ্টং ভবতি। কদাচিত্ যদেব সুখং বাস্তবতঃ তদেব দুঃখম্। যদেব দুঃখং তদেব বস্তুতঃ সুখং ইতি মন্যে। যথা- কণ্ডুয়নাদি। যদ্যপি দর্শনশাস্ত্রেষু ঈশ্বরঃ সর্ববিত্, সর্বকর্ত্রী, সর্বান্তর্যামী, ফলদাতা, সুখদুঃখাদিনাং প্রদায়কঃ তথাপি এতাদৃশং সামর্থ্যং তেন ঈশ্বরেণ প্রদত্তং যত্-- মনঃ যোগেন (সয়মেন) দুঃখং বিনষ্টং ভবতি, ক্ষীণীকর্তুং বা সম্ভবতি। অসয়মেন অসামশ্যেন ন দুঃখং বর্ধিতং ভবন্তি। অতঃ সন্তোষঃ পরমং সুখম্। অসন্তোষঃ পরমং দুঃখম্। অসয়তঃ মনঃ অহঙ্কারসংসর্গেণ কর্ত্তাহং ভোক্তাহং ইতি মন্যতে। তস্মাত্ দুঃখং জায়তে। ভগবত্ গীতায়াম্--

অহঙ্কার বিমূঢ়াত্মা কর্ত্তাহমিতিমন্যতে।3/27

অতঃ বিকারএব দুঃখম্। ননু মনসি বিকারঃ কথং ইতি চেত্ সত্বরজস্তমসাং সকাসাত্ নামরূপাত্মক বস্তুনি ষড়্ভাববিকারাঃ সন্তি। জড় জগতি তস্য বিকারঃ স্বভাবত। গীতায়াং যত্--

"জাতস্যহি ধৃবো মৃত্যু র্ধ্রুবং জন্মমৃতস্য চ।2/27

অর্থাৎ শরীরাদারভ্য ব্যবহারিকং বস্তুবিকার এব ভবতি। তত বিকারযুক্তং পার্থিবজড়রূপং মনসি চিন্তনাত্ তাদাত্ম্যসংযোগা অভিনিবেশাত্ বা যদেব জড়ভাবত্বং বস্তুনি বিদ্যতে তস্য প্রভাবঃ মনসি পতিত্বা বিকারভাবং মনসি জনয়তি। অতঃ মনঃ নিরবযরত্বেহপি বিকারযুক্তং ভবতি। অর্থাৎ অসন্তুষ্টং মনঃ শরীরমাধারীকৃত্য কামনাবাসনাসক্ত্যা অবিদ্যয়া বিচরতি। তস্মাত্ জীববত্ আচরতি। উক্তং যত্হিতোপদেশে--

"আহারনিদ্রাভয়মৈথুনং চ সামান্যমেতত্ পশুভির্নরাণাম্
ধর্মোহি তেষামধিকো বিশেষো ধর্মেণহীনঃ পশুভিঃ সমান।।"

পার্থিবশরীরে সর্বত্র সর্বদা জড়ধর্মঃ বিদ্যতে। ইত্যত্র নাস্তি কাহপিশাঙ্কা। পরন্তু বিকৃতস্য শরীরে মনঃ

সংযোগাত্ মনঃ অপি বিকৃতং ভবেত্ ইতি চেত্ ন। উভয়ো বিকারে সর্বংদুঃখং প্রতিভাতি। উদাহরণং যত্-- রাজা শান্তনু মনসি শিবোপাসনয়া শিবরূপং প্রাপ্নোতি। পুনশ্চাহপি-- পেষস্কারিণ ইত্যাদি।

অর্থাৎ মনসঃ বিকারে শরীরস্য বৈকল্যম্। পরন্তু শরীরস্য বিকারে মনসঃ বিকার ন। বিকৃতেঃ বিকারঃ সংস্তবতি। তস্য সকাশাত্ মনসঃ বিকারেন ন প্রয়োজনম্। চিন্ময়সংসর্গাত্ মনস নির্বিকারত্বং। তস্য বৈশিষ্ট্যম্। যথা-শরীরস্য অঙ্গ বৈকল্যে তদঙ্গস্য ছেদনং ন তু শরীরস্য। তদবত্ বিকৃতস্য শরীরে বিকৃতিঃ ন কদাপি অসম্ভবঃ, কিন্তু বিকৃতাত্মকশরীরত্বাৎ মনসি বিকৃতত্বং অঙ্গীকর্ত্তুং, তন্ন সমীচীনম্ শ্রীমদ্ভাগবতে -

যত্ পৃথিব্যাং ব্রীহির্যবং হিরণ্যং পশবঃস্ত্রিয়ঃ।
ন দুহ্যন্তি মনঃ প্রীতিং পুংসঃ কামহতস্যতে।। ৯/১৯/১৩

অতঃ সন্তোষঃ পরমং সুখম্। দৈন্যেন, বিনয়েন, সংযমেন, সমর্পণেন, সন্তোষেন, ত্যাগেন, সুখবিতরণেন চ পরমসুখং মনসি সৃজতি নাস্ত্যত্র বৈমত্যম্। ত্যাগিনাং কৃতে সংসারসুখম্। ভোগীনাং কৃতে তদ্বিপরীতম্। সাধবঃ ন কদাপি দুঃখেন তিষ্টন্তি। তে সর্বেদুঃখং গৃহীত্বা সুখং বিতন্বন্তি। তস্যোদাহরণম্-রাজাশিবিঃ। শিবিনা স্বশরীরাৎ অঙ্গানি খণ্ডেন আহৃত্য শ্বেনায় প্রদায় কপোতং রক্ষিতঃ। পুনশ্চাহপি, কুষ্ঠরোগীপ্রপীড়িতঃ বাসুদেবঃ স্বশরীরাত্ বহিরাগতানি কুষ্ঠকীটানি পুনঃ সংস্থাপ্য কীটানাং কৃতে স্বস্য দয়াং প্রদর্শ্য মহাপ্রভোঃ কৃপাপাত্রঃ সংজাতঃ। অর্থাৎ সজ্জনাঃ দৈন্যবিনয়ত্যাগৈঃ চ ভগবৎদাসত্বমঙ্গীকৃত্য তরোরিব সহিষ্ণুনাং স্বীকৃত্য অন্যেষাং সর্বেষাং অনবরতং সেবন্তে। যদুক্তং শিক্ষাষ্টকে -

"তৃণাদপিসুনীচেন তরোরিব সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদাহরিঃ।।"

**জীবস্যস্বরূপম্ ঃ-**

আত্মানিত্যঃ, শুদ্ধঃ, বুদ্ধঃ, মুক্তস্বভাবসংম্পন্নঃ। অণুচৈতন্যম্। অবিনাশী বিকাররহিতঃ। ভগবদংশঃ। ভগবৎগীতায়াম্-

'মমৈবাংশঃ জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।। ১৫/৭ "একোহহং বহুস্যাং প্রজায়েয়" ইত্যাদি শৃতৈ জ্ঞায়তে জীবঃ ভগবদংশঃ। পরমাত্মা চ তস্য অংশী। পরন্তু জড় শরীরমাধারীকৃত্য জীবঃ বন্ধনমনুতে। মুক্তিঃ, চিন্ময়ত্বাদি ভগবত্প্রাপ্তিনিমিত্তং তস্য প্রয়াসঃ। সংসারীণাং কৃতে বন্ধনং কীদৃশং ইতি সর্বেহপি জানন্তি। যথা - কৃমিঃ স্ব জীবনজীবিকাবিষয়ে কিমপি ন জানাতি। তদ্বৎ বন্ধন গ্রস্তাঃ তে খলু মায়াগ্রস্তাঃ। ভগবৎগীতায়াং যৎ -

"আসুরীং যোনীমাপন্না মুঢ়া জন্মনি জন্মনি"

অর্থাৎ মায়াসক্তঃ জীবঃ জন্মমৃত্যুরূপে সংসারচক্রে পুনঃ পুনঃ নিপততি। উক্তং মোহমুদ্গরে -

"পুনরপিজননং পুনরপিমরণং পুনরপিজননী জঠরে শয়নম্।
ইতি সংসারে স্ফুটতবদোষ কথমিহমানব তবসন্তোষঃ।।"

যদ্যপি আত্মনঃ অনাদিকালতঃ পরমাত্মনাসহ সম্বন্ধঃ তথাপি মায়াসকাশাত্ ভ্রমিত্বা কামনাবাসনারূপি সুখভোগার্থং আশাং বিধায় পরমেশ্বরং জ্ঞাতুং ন শক্নোতি। মৃত্যুংযাবৎ আশা জীবং আবদ্ধনাতি। তদ্যথা মোহমুদগরে-

"অঙ্গংগলিতং পলিতং মুণ্ডং দশনবিহীনং জাতং তুণ্ডম্।
করধৃতকম্পিতঃ শোভিতঃ দণ্ডং তদপিনমুঞ্চত্যাশাভাণ্ডম্।।"

**বাস্তবধর্মঃ -**

জীবস্তু নিত্যভগবত্দাসঃ, সত্সঙ্গাত্ ভগবদনুকম্পয়া চ জীবেষু ভক্তি উদেতিস্ক তদনন্তরং নামরূপলীলাদিষু তস্য মনঃ সংযুক্তং ভবতি। তত্সকাশাত্ হৃদি জ্ঞানবৈরাগ্যাদয়ঃ উদ্জিবিনঃ ভবন্তি। ভক্তেঃ অভাবাৎ জ্ঞানবৈরাগ্যাদয়ঃ সর্বেগুণাঃ নিরর্থকাঃ। যথা - ব্যঞ্জনে সর্বেষাং উপকরণানাং সাধনত্বেহপি লবণস্যাভাবে ব্যঞ্জনম্ আস্বাদ্যরহিতং তদ্বত্

ভক্তেঃ অভাবাত্ অন্যেষাং নিরর্থকত্বমঙ্গীকৃতম্। অতঃ ভক্তেঃ জ্ঞানাদীনি সহায়কানি উপকারকাণি চ।

সর্বেহপি পুরুষাঃ ধর্মার্থকামমোক্ষাখ্যাং চতুর্বগত্বং জ্ঞাতম্। চতুবর্গঃ পুরুষার্থঃ শ্রেষ্ঠঃ সর্বে যদ্যপ্যঙ্গীকৃতাঃ তথাপি তদপেক্ষয়া ভক্তিঃ পঞ্চমপুরুষার্থঃ নাস্ত্যত্রশঙ্কা। তত্র কারণং ভবতি মুক্তপুরুষাঃ মোক্ষমপি পরিত্যজ্য ভক্তিং লিপ্সন্তি। উক্তং যত্ ভক্তিরসামৃতসিন্ধৌ -

"সালোক্যসাষ্টিসামীপ্য সারূপৈকত্বমুপ্যত।
দীয়মানং ন গৃহ্নন্তি বিনামত্ সেবনং জনাঃ।।"

তত্র নকেবলং মুক্তপুরুষাঃ অপিতু বিভূতয়ঃ, দেবগণাঃ, ঋষয়ঃ, মহর্ষয়ঃ, রাজর্ষয়ঃ, দেবর্ষয়ঃ অন্যাঃ সর্বেহপি শ্রীকৃষ্ণচরণকমলং হৃদি স্মরন্তি, ভজন্তি, ইচ্ছন্তি চ। তত্র শাস্ত্রমেব প্রমাণম্ -

শ্রীব্রহ্মসংহীতায়াং -

"চিন্তামণী প্রকরসদ্মসুকল্পবৃক্ষ
লক্ষাবৃতেষু সুরভীরভিপালয়ন্তম্
লক্ষ্মী সহস্র শতসম্ভ্রমসেব্যমানম্
গোবিন্দমাদি পুরুষং তমহং ভজামি।" শ্লোক-২৯

পুনশ্চাহপি শ্রীমদভাগবতে -

"যং ব্রহ্মা বরুণেন্দ্ররুদ্রমরুতঃ স্তুন্বন্তিদিব্যৈঃস্তবৈঃ।
বেদৈঃ সাঙ্গ পদক্রমোপনিষেদৈঃ গায়ন্তি যং সামগাঃ
ধ্যানাবস্থিততদ্গতেন মনসা পশ্যন্তি যংযোগিনঃ
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণাঃ দেবায় তস্মৈ নমঃ।।"

পুনশ্চাপি শ্রীমদ্ভাগবতে -

ন সাধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম উদ্ধব।
ন স্বাধ্যায়স্তপত্যাগো যথাভক্তি মমোর্জিতা।। ১১/১৪/২০

পরমধর্মস্যোপায়ঃ -

অতঃ ভক্তানাং মতে জগৎনিত্যম্। শাশ্বতম্, সুখময়ম্, আনন্দময়ং চ। ননু জীবস্য কঃ ধর্মঃ? কঃ উপায়ঃ? কশ্চাধিকারী? কিঞ্চ সাধ্যম্? কানিচ সাধনানি? কিং চাচরণম্? এতেষাং প্রশ্নানাং একম্ এব সমাধানম্, বেদবেদান্তরামায়ণমহাভারতপুরাণোপনিষৎসু সুষ্ঠু প্রতিপাদিতম্। সা এব ভগবতঃ অকিঞ্চনা ভক্তি শ্রেষ্ঠতমা, পরমোপায়ভূতা সর্বেহপি তস্যাঃভক্তেঃ অধিকারিণঃ। সা এব সাধ্যসাধনরূপা। সর্বধর্মাধারভূতা নিরপেক্ষা দৈন্যাদ্যনন্তকল্যাণ গুণরূপা হ্লাদীনি সন্ধিনি সন্ধিনি সম্বিৎ সাররূপেতি।

ভাগবতমাহাত্ম্যে -

"ন চ গোভির্ন বেদৈশ্চ ন জ্ঞানেনাপি কর্মণা
হরি র্হি সাধ্যতে ভক্ত্যা প্রমাণং তত্র গোপিকা।। ২/১৮

পুনশ্চাপি -

"তুলসী দলমাত্রেণ জলস্য চুলুকেনব।
বিক্রীণামি স্বমাত্মানং ভক্ত্যা ভক্তজনপ্রিয়ঃ।।

অতঃ ভক্ত্যা ভগবান্ বশীভূতঃ ভবতি। ভগবত্গীতায়ামপি-

"পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি"। ৯/২৬

প্রতিক্ষণং জীবেন যদনুষ্ঠীয়তে তত্ কর্ম তেষাং সর্বেষাং কর্মণাং ঈশ্বরার্পণং ভবতি ঈশ্বরপ্রণিধানম্। ভগবত্বিগলিত চিত্তঃ স্বাত্মানং সমর্প্য নিরন্তরং তচ্চিন্তনম্ এব পরমাচরণম্। উক্তং ভাগবতে --

বাসুদেব পরা দেবা বাসুদেব পরামখাঃ।

বাসুদেব পরাযোগাঃ বাসুদেব পরাক্রিয়াঃ। ১/২/২৮
বাসুদেব পরংজ্ঞানং বাসুদেব পরংতপঃ।
বাসুদেব পরোধর্মঃ বাসুদেব পরাগতিঃ।। ১/২/২৯

স চ পরমেশ্বরঃ পরমাত্মা বাসুদেবঃ সর্বত্র পরিব্যাপ্তঃ সর্বজ্ঞঃ সর্ববিৎ, সর্বান্তর্যামি, নীয়ন্তা, নীয়ামকঃ। ভক্তঃ সর্বত্র তস্যোপলব্ধিং কর্তুং শ্রীমদ্‌ভাগবতে -

খং বায়ুমগ্নিং সলিলং মহীংচ জ্যোতীংষি সত্বানি দিশো দ্রুমাদীন্
সরিত্‌সমুদ্রাংশ্চ হরেঃ শরীরং যত্ কিঞ্চ ভূতং প্রণমেদনন্য।। ১১/২/৪১

অর্থাৎ নিরন্তরং ইন্দ্রিয়াদিভিঃ তস্যসেবনেমেব পরমা গতিঃ। উক্তম্ -

সর্বোপাধিবিনির্মুক্তং তত্‌পরত্বেন নির্মলম্।
হৃষীকেণ হৃষীকেশ সেবনং ভক্তিরুচ্চতে।।

অন্তিমে যদুক্তং ভাগবতমাহাত্ম্যে -


নৃণাং জন্ম সহস্রেণ ভক্তৌ প্রীতি র্হি জায়তে।
কলৌ ভক্তিঃ কলৌ ভক্তির্ভক্ত্যা কৃষ্ণঃ পুরঃ স্থিতঃ।। ২/১৯

এতদেব অবধার্য্যম্ - সর্বকালেষু সর্বভাবেষু সর্বাসু চ অবস্থাসু ভগবতঃ ভক্তিরেব অনুসন্ধেয়া। ভগবত্‌ভক্ত্যা এব অপারং সুখং আনন্দং চ লভমানঃ জীবঃ অঞ্জসা ভবসাগরং গোষ্পদীকৃত্য স্বাভীষ্টম্ অধিগচ্ছতি।

# চিত্রকলা













Maitreyee Chaudhuri,
Semester-VI, English Dept.




Tanushree Tudu,

Semester-II, English Dept.

# GALLERY







